# যৌন শোষণ, নির্যাতন এবং যৌন হয়রানি (এসইএএইচ) সার্ভাইভারদের সাথে সম্পৃক্ত হওয়ার সর্বোত্তম অনুশীলনসমূহ

**আরএসএইচ হেল্পডেস্ক নম্বর ৩**

## ১. সংক্ষিপ্ত বিবরণ

নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভাররা যৌন শোষণ, নিপীড়ন এবং যৌন হয়রানি (এসইএএইচ) বিষয়ে নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারেন। তবে অর্থপূর্ণ সম্পৃক্ততার সাথে নীতিনির্ধারকদের যথাযথ এবং দায়িত্বশীলভাবে কাজ করার বিষয়টি জড়িত যাতে করে সার্ভাইভারদের পুনরায় ক্ষতি না করেই তাদের কথা শোনা যায়। এই নথিটি এসইএএইচ সার্ভাইভারদেরকে (এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্য ধরনের সহিংসতা) নীতিমালা তৈরিতে জড়িত করার প্রচেষ্টার একটি দ্রুত পর্যালোচনা প্রদান করে, পাশাপাশি তাদের চাহিদা এবং অগ্রাধিকারের ওপর পরিচালিত গবেষণা পর্যালোচনা করে।

এই প্রশ্নপত্রটি প্রথম লেখা হয়েছিল ২০১৮ সালের জুলাই মাসে, এবং জুন ২০২০-এ হালনাগাদ করা হয়েছিল। [1] এই ব্যাপক গবেষণার পদ্ধতি হিসেবে শুরুতেই গুগল এবং ভিএডব্লিউ হেল্পডেস্ক জোটের অংশীদারেরাসহ প্রাসঙ্গিক ইলেকট্রনিক ডাটাবেজ অনুসন্ধান ব্যবহার করে প্রাপ্ত গবেষণাপত্র পর্যালোচনা করা হয়। নীতিমালা তৈরিতে সার্ভাইভারদের জড়িত করার বিষয়ে তথ্যের অপ্রতুলতা এবং তাদের চাহিদা ও অগ্রাধিকারের ওপর পর্যাপ্ত গবেষণার অভাবের কারণে এই গবেষণাটি বরং নির্দিষ্ট কিছু বাস্তব উদাহরণের ওপর আলোকপাত করছে যেখানে সার্ভাইভারদের অন্তর্ভুক্তকরণ এবং তাদের চাহিদা/প্রয়োজন (নিচের টেবিল দেখুন) সম্পর্কে আমাদের কাছে আরও বিস্তৃত তথ্য রয়েছে। এই উদাহরণগুলোর মধ্যে রয়েছে সার্বজনীন অনুসন্ধান, বৈশ্বিক ফোরাম ও সম্মেলন, এবং উপদেষ্টা গ্রুপের মতো বিষয়াবলী।

| | সময়সীমা | দেশ | ফোকাস |
|---|---|---|---|
| প্রাপ্তবয়স্ক অথচ শৈশবে যৌন শোষণ ও নির্যাতনের সার্ভাইভারদের জন্য বৈশ্বিক ফোরাম | ২০১৬ | বৈশ্বিক | শিশু যৌন শোষণ ও নির্যাতন |
| শিশু যৌন নির্যাতনের স্বাধীন তদন্ত | ২০১৫–বর্তমান | যুক্তরাজ্য | শিশুদের যৌন নির্যাতন |
| শিশু যৌন নির্যাতনের প্রাতিষ্ঠানিক সাড়াদানের জন্য রয়্যাল কমিশন | ২০১৩–২০১৭ | অস্ট্রেলিয়া | শিশুদের যৌন নির্যাতন |
| মানব পাচার সংক্রান্ত মার্কিন যুক্তরাষ্ট্রের উপদেষ্টা পরিষদ | ২০১৫–বর্তমান | যুক্তরাষ্ট্র | পাচার |
| প্রিভেন্টিং সেক্সুয়াল ভায়োলেন্স ইনিশিয়েটিভ (পিএসভিআই) স্টিগমা প্রোগ্রাম | ২০১৬–২০১৭ | বৈশ্বিক | সংঘাতকালে যৌন সহিংসতা |
| সংঘাতকালে যৌন সহিংসতা বন্ধ করার জন্য বৈশ্বিক সামিট | ২০১৪ | বৈশ্বিক | সংঘাতকালে যৌন সহিংসতা |

[1]অনুসন্ধান করা মূল শব্দগুলো হলো : হয়রানি*, অপব্যবহার, শোষণ, সহিংসতা, পাচার, সার্ভাইভার*, সম্পৃক্ত, অংশগ্রহণ, নীতি, পরিকল্পনা, ফোরাম।



RESOURCE & SUPPORT HUB
UK International Development
Partnership | Progress | Prosperity

| | | | |
|---|---|---|---|
| কমিশন অন দ্য স্ট্যাটাস অফ উইমেন (সিএসডব্লিউ) | চলমান | বৈশ্বিক | জেন্ডার অসমতা, এফজিএম, সহিংসতা, পাচার |
| জোরপূর্বক বিবাহ ইউনিট | চলমান | যুক্তরাজ্য | জোরপূর্বক বিবাহ |
| ডিএফআইডি পরিচালিত শোনার অনুশীলন | ২০১৮ | যুক্তরাজ্য | সহায়তা খাতে যৌন শোষণ ও নির্যাতন এবং যৌন হয়রানি |
| স্ট্যান্ড স্পিক রাইজ আপ! টু এন্ড সেক্সুয়াল ভায়োলেন্স ইন ফ্র্যাজাইল এনভায়রনমেন্টস | ২০১৯–চলমান | বৈশ্বিক | ভঙ্গুর পরিবেশে যৌন সহিংসতা |
| লন্ডনব্যাপী ভিএডব্লিউজি কৌশল উন্নয়নে সার্ভাইভারদের জন্য পরামর্শ | ২০১৮–২০১৯ | যুক্তরাজ্য | ভিএডব্লিউজি |
| প্রাতিষ্ঠানিক নিপীড়নের শিকার নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভার | ২০১৯ | যুক্তরাজ্য/ আয়ারল্যান্ড | আবাসিক প্রতিষ্ঠানে শিশুদের যৌন নির্যাতন |
| সত্য এবং মর্যাদার কণ্ঠস্বর: ইউরোপীয় ক্রীড়াঙ্গনে যৌন সহিংসতার বিরুদ্ধে লড়াই | ২০১৬–২০১৮ | ইউরোপ | ক্রীড়াঙ্গনে যৌন শোষণ ও নির্যাতন এবং যৌন হয়রানি |
| সার্ভাইভারদের ক্ষমতায়ন এবং শিক্ষা সেবা (এসইএডএস) | ২০১৭–২০২০ | ইংল্যান্ড এবং ওয়েলস | পারিবারিক ও যৌন নির্যাতন |
| সার্ভাইভার্স স্পিক আউট | চলমান | যুক্তরাজ্য | নির্যাতন |
| ইসিপিএটি ইউকে ইয়ুথ গ্রুপ | চলমান | যুক্তরাজ্য | পাচার ও শোষণ |

## নীতিমালা তৈরিতে সার্ভাইভারদেরকে অর্থপূর্ণভাবে সম্পৃক্ত করার জন্য মূল সিদ্ধান্তসমূহ :

- **প্রক্রিয়াগুলো সার্ভাইভারদের দ্বারা চালিত এবং তৈরি হওয়া উচিত (করণীয় এবং ফলো-আপ করা যায় এগুলোসহ)** : উদাহরণস্বরূপ, শৈশবে যৌন শোষণ ও নির্যাতনের সার্ভাইভার প্রাপ্তবয়স্কদের জন্য গ্লোবাল ফোরামে (এসইএ) সার্ভাইভাররা ফোরামটি নকশা করেছেন এবং একটি পরিসরে সরকার, আন্তর্জাতিক সংস্থা, আঞ্চলিক ব্যবস্থা, বেসরকারি খাত এবং সুশীল সমাজসহ নীতিনির্ধারকদের কাছে উপস্থাপিত করণীয় কাজগুলো করতে সম্মত হয়েছেন। একইভাবে, পিএসভিআই স্টিগমা প্রকল্প সার্ভাইভারদের এজেন্ডা এবং ফরম্যাট তৈরিতে অন্তর্ভুক্ত করে যাতে সার্ভাইভারদের সমানভাবে অন্তর্ভুক্ত করা হয়। আবাসিক প্রতিষ্ঠানে শিশু এসইএ সার্ভাইভারদের সাথে পরামর্শের সময় সার্ভাইভারদেরকে সকল প্রক্রিয়ার কেন্দ্রবিন্দুতে রাখার আহ্বান জানাতে তারা 'আমাদের ছাড়া আমাদের সম্পর্কে কিছুই নয়' উদ্ধৃতি ব্যবহার করেছেন।
- **সম্পৃক্ত হওয়ার ব্যাপারে সার্ভাইভারদেরকে বিভিন্ন বিকল্প প্রদান করুন, মাধ্যমগুলো হতে পারে লেখা, অডিও ফাইল যেমন একটি পডকাস্টে, ভিডিও, বা ব্যক্তিগতভাবে।** আলোচনা এবং এর বিষয়বস্তু সার্ভাইভারচালিত হওয়া জরুরি, সার্ভাইভাররা তাদের অভিজ্ঞতা এবং এসইএএইচ-এর প্রভাব কীভাবে এবং কতটুকু বিস্তারিতভাবে বর্ণনা করবে তা বেছে নেবেন। আয়োজক বা সংস্থাগুলোর সংশ্লিষ্ট ক্ষমতা কাঠামো সম্পর্কে এবং সার্ভাইভার যাতে অংশগ্রহণের জন্য চাপ অনুভব না করেন, সে বিষয়ে সচেতন হওয়া উচিত।
- **যে-কোনো ব্যবহৃত চিত্র, উদ্ধৃতি বা লিখিত কাজের অবগত সম্মতি থাকা নিশ্চিত করুন।** সার্ভাইভারদেরকে তাদের সম্পৃক্ত করার উদ্দেশ্য বোধগম্য উপায়ে ব্যাখ্যা করা হবে এবং যে-কোনো ছবি বা উদ্ধৃতি ব্যবহার করার পরিণতি সম্পর্কে তাদেরকে সচেতন করা হবে। উদাহরণস্বরূপ, ইসিপিএটি ইউকে নিশ্চিত করে যে প্রদর্শিত বিষয়াবলীর দর্শক সম্পর্কে সমস্ত সার্ভাইভাররা সচেতন, তারা বেনামী থাকবেন এবং অংশগ্রহণের জন্য একজন সার্ভাইভার যথেষ্ট নিরাপদ স্থানে রয়েছেন।
- **পুনরায় ট্রমা কমাতে সার্ভাইভারকেন্দ্রিক এবং ট্রমা-অবহিত পন্থা অবলম্বন করুন।** কিছু উদাহরণ :
  - **পরামর্শের সময় সার্ভাইভাররা কোনও কিছু দ্বারা প্রভাবিত হলে তাদের জন্য সহায়তা নিশ্চিত করুন।** চলমান সহায়তার জন্য স্থানীয় পরিষেবাগুলোতে রেফারেল অন্তর্ভুক্ত করাও গুরুত্বপূর্ণ। উদাহরণস্বরূপ, শিশু যৌন নির্যাতনের স্বাধীন তদন্তের সময় অংশগ্রহণকারী ৮১% সার্ভাইভারদের মানসিক সমর্থন এবং পরামর্শ দেওয়া হয়েছিল এবং তাদের ৯৩% বলেছেন যে এটা জরুরি ছিল। সার্ভাইভার এমপাওয়ারিং অ্যান্ড এডুকেশন সার্ভিসেস (এসইএডস) প্রকল্প এবং ইসিপিএটি ইউকে ইয়ুথ গ্রুপ উভয়ই সার্ভাইভারদের জন্য একটি

সহায়ক নেটওয়ার্কের প্রয়োজনীয়তা তুলে ধরে এবং আরও সহায়তার জন্য নির্দেশনার ওপর গুরুত্ব আরোপ করে।

- অস্ট্রেলিয়ার শিশু যৌন নির্যাতনে প্রাতিষ্ঠানিক সাড়াদানের জন্য রয়্যাল কমিশনের 'প্রাইভেট সেশনস' মডেলের অনুরূপ **একটি সুরক্ষিত এবং সহায়ক পরিবেশ তৈরি করুন।** আরেকটি উদাহরণ হতে পারে পিএসভিআই স্টিগমা কর্মশালা যেখানে বিরূপ আলোচনার মুখোমুখি হওয়া সার্ভাইভাররা নিরাপদ পরিবেশে থাকতে পারেন এবং মানসিক চাপ ছাড়াই শান্তিতে কিছু সময় কাটাতে পারেন।
- **সেরে ওঠার জন্য কর্মশালার স্থান অন্তর্ভুক্ত করুন।** উদাহরণস্বরূপ, স্ট্যান্ড স্পিক রাইজ আপ! ভঙ্গুর পরিবেশে যৌন সহিংসতার অবসান ঘটানোর ফোরামে সার্ভাইভারদের জন্য ইন্টারেক্টিভ ওয়ার্কশপে নাচের থেরাপি এবং স্পোর্টস থেরাপি অন্তর্ভুক্ত ছিল।
- **আপনার প্রত্যাশা সম্পর্কে স্পষ্ট, সৎ এবং বাস্তববাদী হোন।** উদাহরণস্বরূপ, ইসিপিএটি ইউকে উল্লেখ করে যে পাচারের শিকার নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের বেশিরভাগই তাদের বিশ্বস্ত মানুষদের দ্বারা মিথ্যাচার এবং শোষণের শিকার হয়েছে। এটা গুরুত্বপূর্ণ যে ফ্যাসিলিটেটর বা সংস্থাগুলো তারা কী করতে পারে বা করতে পারে না, প্রত্যাশার দায় বহন করা এবং যা সম্মত হয়েছিল তা সরবরাহ করা নিয়ে বাস্তববাদী ধারণা রাখে।

- **সার্ভাইভারদের ব্যক্তিগত তথ্য এবং গোপনীয়তা রক্ষা করুন** যাতে তারা ইচ্ছা করলে তাদের জড়িত থাকার বিষয়ে কথা বলতে গিয়ে নিজেদের পরিচয় গোপন রাখতে পারে। উদাহরণস্বরূপ, শিশু যৌন নির্যাতনের স্বাধীন তদন্তের সার্ভাইভারদের পরিচয় গোপন রাখার জন্য একটি নিষেধাজ্ঞা ছিল; তদন্তে এই তথ্য গোপন রাখলেও এর শর্তাবলিতে শিশু যৌন নির্যাতনের সমস্ত অভিযোগ পুলিশের কাছে পাঠানো প্রয়োজন। অনলাইন প্ল্যাটফর্মে সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য বিশেষ বিবেচনার প্রয়োজন, উদাহরণস্বরূপ গ্লোবাল ফোরামের ভার্চুয়াল অংশটি মার্কিন যুক্তরাষ্ট্রের একটি সার্ভাইভারকেন্দ্রিক সংস্থা দ্বারা ব্যবহৃত একটি বিদ্যমান, পরীক্ষিত এবং সুরক্ষিত প্ল্যাটফর্ম থেকে নেওয়া হয়েছে। অভিজ্ঞ মডারেটররা অনলাইন আলোচনা পর্যবেক্ষণ করেছেন।
- **প্রক্রিয়ার আগে এবং পরে সার্ভাইভারদের সাথে পরিষ্কার এবং বন্ধুত্বপূর্ণ যোগাযোগ।** বেশ কয়েকটি উদাহরণ সার্ভাইভারদের সাথে স্পষ্ট যোগাযোগের গুরুত্ব তুলে ধরে যাতে তারা জানতে পারেন অংশগ্রহণ করার আগে কী আশা করা যায় এবং পরবর্তীতে কী ধরনের পদক্ষেপ নেওয়া হবে। যেসকল সার্ভাইভার অস্ট্রেলিয়ায় শিশু যৌন নির্যাতনের প্রাতিষ্ঠানিক সাড়াদানের জন্য রয়্যাল কমিশনে অংশ নিয়েছিলেন, তারা চেয়ারের স্বাক্ষরিত একটি ব্যক্তিগত ধন্যবাদ কার্ড, ভ্রমণ ব্যয়, একটি ব্যক্তিগত সেশন এবং পরবর্তী সপ্তাহ ও মাসগুলোতে তারা কী আশা করতে পারে তার বর্ণনাসহ একটি পুস্তিকা পেয়েছেন। যুক্তরাজ্য শিশু যৌন নির্যাতনের স্বাধীন তদন্ত প্রাথমিক প্রতিক্রিয়া অনুযায়ী তদন্ত যোগাযোগগুলো খুব প্রাতিষ্ঠানিকভাবে এবং "সরকারি চাকরি"র মতো করে করা হয়েছিল, যা সার্ভাইভারদের বিচ্ছিন্ন করে এবং তাদের এগিয়ে আসতে বাধা দিয়েছিল।
- **আঞ্চলিক ভ্রমণ, কর্মশালা বা অফিসের সহজলভ্যতা বিবেচনা করুন** যাতে প্রত্যন্ত এলাকার সার্ভাইভাররাও প্রক্রিয়াটিতে সম্পৃক্ত হতে পারে। উদাহরণস্বরূপ, মানব পাচার সংক্রান্ত মার্কিন উপদেষ্টা পরিষদ (যা সার্ভাইভারদের নিয়ে গঠিত) গোলটেবিল বৈঠকে এবং আলোচনায় সার্ভাইভারদের যুক্ত করার জন্য সমগ্র মার্কিন যুক্তরাষ্ট্রজুড়ে আঞ্চলিক সফর পরিচালনা করে। যুক্তরাজ্যে তদন্তের সহজপ্রাপ্যতা সম্পর্কে সার্ভাইভারদের প্রাথমিক উদ্বেগের পর শিশু যৌন নির্যাতনের স্বাধীন তদন্ত লিভারপুল, ডার্লিংটন, কার্ডিফ এবং এক্সেটারে অফিস খুলেছে। একইভাবে, অস্ট্রেলিয়ার রয়্যাল কমিশন আঞ্চলিক এবং প্রত্যন্ত সম্প্রদায়ের সার্ভাইভার গোষ্ঠীগুলোর সাথে পাবলিক ফোরাম এবং ব্যক্তিগত বৈঠক করেছে।
- **বহুমুখী এবং বিপদাপন্ন সার্ভাইভারদের উপর ফোকাস করুন** এবং নিশ্চিত করুন যে সম্পৃক্ত হওয়ার প্রক্রিয়াগুলো বিভিন্ন জাতি, সংস্কৃতি এবং ক্ষমতার লোকেদের জন্য অন্তর্ভুক্তিমূলক। এর মধ্যে আছেন কম্পিউটার না থাকা, শেখার অসুবিধা আছে এমন ব্যক্তি এবং কারাগারে থাকা সার্ভাইভাররা, যেমনটি অস্ট্রেলিয়া ও যুক্তরাজ্যের অনুসন্ধানের কেসে হয়েছিল। সহায়তা খাতে এসইএএইচ-এর উপর ডিএফআইডি পরিচালিত শোনার অনুশীলন প্রতিবন্ধী, শিশু এবং যুবক-যুবতীদেরসহ সার্ভাইভারদের বিভিন্ন গোষ্ঠীর প্রতিনিধিত্বকারী বিভিন্ন সংস্থার সাথে জড়িত।
- **হুইসেলব্লোয়ারদের সুরক্ষার জন্য ব্যবস্থা নিন** : যুক্তরাজ্যে হুইসেলব্লোয়ারদের মধ্যে যারা শিশু যৌন নির্যাতনের স্বাধীন তদন্তের সাথে যোগাযোগ করতে বা অংশ নিতে ইচ্ছুক, সার্ভাইভাররা তাদের জন্য শক্তিশালী আইনি সুরক্ষা নিশ্চিত করার প্রয়োজনীয়তা ব্যক্ত করেছেন।
- **সার্ভাইভারদের দক্ষতার জন্য তাদের পারিশ্রমিক দিন,** এটি বিশেষ করে মানব পাচার সংক্রান্ত মার্কিন উপদেষ্টা পরিষদের মতো আরও বেশি সম্পৃক্ততার ক্ষেত্রে প্রযোজ্য যা স্বীকার করে যে সার্ভাইভাররা অন্য কোনো



RESOURCE & SUPPORT HUB
UK International Development
Partnership | Progress | Prosperity

কর্মচারী বা পরামর্শদাতার মতোই তাদের সময় এবং দক্ষতার জন্য পারিশ্রমিক পাওয়ার যোগ্য। ইসিপিএটি ইউকে ইয়ুথ গ্রুপগুলো ব্যাংক অ্যাকাউন্ট না থাকা তরুণদের জন্য খাবার, ভ্রমণ এবং ভাউচার প্রদান করে।

- **ক্রীড়াক্ষেত্রে দক্ষিণ পূর্ব এশিয়ায় যৌন নির্যাতনের বিরুদ্ধে কাজ করা ভয়েসেস-এর প্রকল্পের মতো সার্ভাইভারদের জন্য নেটওয়ার্ক এবং গ্রুপ সমর্থন গঠনের সুযোগ অন্তর্ভুক্ত করুন।** এতে করে সার্ভাইভাররা একে অপরের সাথে যোগাযোগ এবং সমর্থন করার জন্য একটি যোগাযোগ গ্রুপ গঠন করেছিলেন।
- **শিশুদের এবং অল্প বয়স্ক সার্ভাইভারদের কথা শোনার জন্য একটি সুযোগ তৈরি করুন।** যদিও শিশু সুরক্ষার কারণে শৈশবে যৌন শোষণ ও নির্যাতনের সার্ভাইভার প্রাপ্তবয়স্কদের জন্য গ্লোবাল ফোরাম ১৮ বছরের বেশি বয়সীদের জন্য ছিল, এই ফোরাম শিশুদের ভিডিও/অঙ্কন, কবিতা এবং অন্যান্য সৃজনশীল কাজ জমা দিতে উৎসাহিত করেছে। আরেকটি আকর্ষণীয় কেস স্টাডি হলো সংঘাতে যৌন সহিংসতা বন্ধ করার জন্য বৈশ্বিক সামিটের সময় সামিট ইয়ুথ গ্রুপ, যেটি তরুণ সার্ভাইভারদের (১৭-২৬ বছর বয়সী) নীতি নির্ধারণের সুযোগ করে। তরুণ প্রতিনিধিরা পুরো সামিট জুড়ে অংশগ্রহণ করেন, বিশেষজ্ঞ এবং মন্ত্রী পর্যায়ের আলোচনায় অংশ নেন এবং সেইসাথে ফ্রিঞ্জ ইভেন্টগুলোতে অংশগ্রহণ করেন। গ্রুপের দুইজন প্রতিনিধি চূড়ান্ত দিনে সামিটের পূর্ণাঙ্গ অধিবেশনে তাদের নীতিগত সুপারিশের সারসংক্ষেপ তুলে ধরেন।
- **সার্ভাইভার গোলটেবিল বৈঠকগুলো একটি প্রক্রিয়ায় সার্ভাইভারদের সম্পৃক্ত করা এবং সুপারিশগুলোর উপযুক্ততা নিশ্চিত করার পরে ফলাফল যাচাই করার একটি কার্যকর উপায় হতে পারে,** যেমনটি ভিএডব্লিউজি-তে লন্ডনজুড়ে নীতির জন্য সার্ভাইভার পরামর্শের ব্যবস্থা ছিল। সাহায্য খাতে এসইএএইচ-এর উপর ডিএফআইডি পরিচালিত শোনার অনুশীলনটি চূড়ান্ত রিপোর্টে ফলাফল এবং সুপারিশগুলোর সাথে একমত হওয়াসহ পুরো প্রক্রিয়াজুড়ে সার্ভাইভার গোষ্ঠীগুলোকে সম্পৃক্ত করে।
- **'পুনরুদ্ধারমূলক পন্থা' বিবেচনা করুন** যা কথা বলা, সম্পর্ক তৈরি করা, ক্ষতি চিহ্নিত করা, ক্ষতির প্রভাব, ক্ষতি থেকে উদ্ভূত চাহিদার গুরুত্ব এবং ক্ষতি মেরামত করার চেষ্টা করার দিকে নজর দেয়। উদাহরণস্বরূপ, ইউকে/আয়ারল্যান্ডের আবাসিক প্রতিষ্ঠানে শিশু এসইএ সার্ভাইভারদের সাথে 'রিস্টোরেটিভ সার্কেল' পদ্ধতি ব্যবহৃত হওয়া সার্ভাইভার-পরিচালিত পরামর্শ সভা, যেখানে সার্ভাইভাররা একটি নিরাপদ স্থানে তাদের অভিজ্ঞতা জানাতে পারে এবং পালা করে নিজেদের বক্তব্য দিতে পারলেও তাদের কথা বলার বাধ্যবাধকতা নেই।
- **স্বীকৃতি ফোরামগুলোকে একটি সেক্টরের মধ্যে এসইএএইচ-কে স্বীকার করার এবং সঠিক করার একটি কার্যকর উপায় হিসাবে বিবেচনা করুন,** যেমনটি ক্রীড়া সম্প্রদায়ের মধ্যে এসইএএইচ-এর উপর VOICES প্রকল্পের ক্ষেত্রে ক্রীড়া সেক্টর থেকে সার্ভাইভার এবং মূল স্টেকহোল্ডারদের নিয়ে জাতীয় স্বীকৃতি ফোরাম অনুষ্ঠিত হয়েছিল।
- **নিজেকে জানুন এবং আপনার নিজের পক্ষপাত এবং ভ্রান্ত ধ্যানধারণা** (অবহিত এবং অনবহিত) বিবেচনা করুন। সার্ভাইভারদের সাথে কাজ করার সময় ব্যক্তিগত অভিজ্ঞতা ও দৃষ্টিভঙ্গি নিয়ে চিন্তা করা, সিদ্ধান্ত গ্রহণ এবং তা অন্যদের সাথে আলোচনাকে কীভাবে প্রভাবিত করতে পারে, এসব নিয়ে ভাবা গুরুত্বপূর্ণ। সার্ভাইভারকে কখনো তার প্রতিক্রিয়া দিয়ে বিচার করা উচিৎ নয়। এটি এসইইডি প্রকল্প এবং ইসিপিএটি ইয়ুথ গ্রুপ-এ তুলে ধরা হয়েছে।



RESOURCE & SUPPORT HUB
UK International Development
Partnership | Progress | Prosperity

## সার্ভাইভারদের তাদের চাহিদা এবং অগ্রাধিকারের মূল বিষয় এবং সুপারিশগুলোর মধ্যে রয়েছে :

নিচের সারণিটি সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার সম্পর্কে কেস স্টাডি থেকে পাওয়া প্রধান বিষয়গুলোর সংক্ষিপ্ত বিবরণ দেয়। প্রায়শই উল্লেখ করা অগ্রাধিকার হলো সার্ভাইভারদের কথা শোনা এবং ফৌজদারি বিচার ব্যবস্থার উন্নতি করা। অন্যান্য মূল অগ্রাধিকারের মধ্যে রয়েছে স্বাস্থ্য খাতের উন্নতি, সহায়তা এবং অ্যাডভোকেসি সেবা, প্রতিরোধ ব্যবস্থা, ক্ষতিপূরণ ও প্রতিকার, এবং প্রতিশ্রুতিশীল এবং উদ্ভাবনী অনুশীলনের জন্য সার্ভাইভার গোষ্ঠীগুলোকে ক্ষুদ্র অনুদান এবং তহবিল সরবরাহ করা।

| | গ্লোবাল ফোরাম | আইআইসিএসএ | রয়্যাল কমিশন | পাচার সংক্রান্ত মার্কিন উপদেষ্টা পরিষদ | পিএসভিআই স্টিগমা কার্যক্রম | ইএসভিসিতে বৈশ্বিক সমিতি | সিএসডব্লিউ | জোরপূর্বক বিবাহ ইউনিট | সহায়তা খাতে এসইএএইচ-এর উপর ডিএফআইডি পরিচালিত | সার্ভাইভার্স স্পিক রাইজ আপ! বিপদাপন্ন পরিবেশে যৌন | লন্ডন ভিএডব্লিউজি কৌশল সার্ভাইভার কনসালটেশন | প্রাতিষ্ঠানিক নির্যাতনের সার্ভাইভার | ভয়েসেস : ক্রীড়াঙ্গনে যৌন শোষণ | সার্ভাইভারদের ক্ষমতায়ন এবং শিক্ষা সেবা | সার্ভাইভার্স স্পিক আউট | ইসিপিএটি ইয়ুথ গ্রুপ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সার্ভাইভারদের জ্ঞান এবং অভিজ্ঞতা থেকে শিক্ষা গ্রহণ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ |
| ফৌজদারি বিচার ব্যবস্থা উন্নত করুন, বিশেষ করে পুলিশ এবং আদালত যেভাবে সার্ভাইভারদের সাথে আচরণ করে | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | | | ✔ | ✔ |
| বিনামূল্যে চিকিৎসা সেবাসহ স্বাস্থ্য খাতে উন্নত করুন | ✔ | ✔ | | | | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | | | | |
| নিপীড়নের সময় এবং পরবর্তীকালে সব সময় ভিক্টিম এবং সার্ভাইভারদের জন্য সমর্থন এবং অ্যাডভোকেসি সেবা। | | | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | | ✔ | ✔ | ✔ |
| সচেতনতা বৃদ্ধি, প্রাথমিক হস্তক্ষেপ সহায়তা এবং শিক্ষা কার্যক্রমসহ প্রতিরোধ ব্যবস্থা | | | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ | ✔ |
| সার্ভাইভারদের জন্য কর্মসংস্থান এবং জীবিকা সহায়তা | | | | ✔ | | ✔ | | | | ✔ | | ✔ | | | | |
| দীর্ঘমেয়াদি প্রভাব এবং সমর্থনের বিষয়ে সচেতনতার উন্নতি করতে নীতিনির্ধারক | | ✔ | | | | ✔ | ✔ | | | ✔ | | ✔ | ✔ | | ✔ | ✔ |
| উন্নত নিয়োগ যাচাই পদ্ধতি এবং কর্মীদের যাচাই | | ✔ | ✔ | | | | | | ✔ | | | | | | | |

| | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্ষতিপূরণ এবং প্রতিকারের স্কিম যা দক্ষ এবং সহজবোধ্য, এবং যেখানে প্রতিষ্ঠান এবং দায়ীরা খরচ বহন করে | ✓ | | ✓ | | | ✓ | ✓ | | ✓ | | | ✓ | | | | |
| আরও উন্মুক্ত, অন্তর্ভুক্তিমূলক মনোভাব এবং ঝুঁকির কারণসমূহ নিয়ে কর্মীদের প্রশিক্ষণসহ প্রাতিষ্ঠানিক সংস্কৃতির পরিবর্তন | | | ✓ | | | | | | ✓ | | ✓ | | ✓ | | | |
| সার্ভাইভার বা সার্ভাইভার গোষ্ঠীগুলোকে ক্ষুদ্র অনুদান এবং তহবিল প্রদান, বিশেষ করে প্রতিশ্রুতিশীল এবং উদ্ভাবনী অনুশীলনের জন্য | | | | ✓ | ✓ | ✓ | ✓ | ✓ | | | ✓ | | | | | |
| নিরাপত্তা ও ন্যায়বিচার খাতে কাজ করাসহ অপরাধীদের পুনরাবৃত্তিমূলক আচরণ বন্ধ করুন | | | | | | | | | | | ✓ | | | | | |

| শৈশবে যৌন শোষণ ও নির্যাতনের শিকার প্রাপ্তবয়স্ক সার্ভাইভারদের জন্য বৈশ্বিক ফোরাম (২০১৬) | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | **কাউন্সিল অব ইউরোপ / ইসিপিএটি ইন্টারন্যাশনাল** |
| **বিবরণ** | শৈশবে যৌন শোষণ ও নির্যাতনের শিকার প্রাপ্তবয়স্ক সার্ভাইভারদের জন্য প্রথম গ্লোবাল সার্ভাইভার ফোরাম ১৮ নভেম্বর ২০১৬ সালে ফ্রান্সের স্ট্রাসবুর্গে অনুষ্ঠিত হয়েছিল। ফোরামের লক্ষ্য ছিল বিশ্বজুড়ে সার্ভাইভারদের জন্য নীতি গঠন, উত্তম অনুশীলনগুলো শেয়ার করা এবং সুপারিশ করার সুযোগ প্রদান করা। বিশেষ করে শিশুদের যৌন শোষণ ও নির্যাতনের সাথে সম্পর্কিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়ন ও পর্যবেক্ষণে **সার্ভাইভারদের জড়িত করা যায় এমন পদক্ষেপগুলো শুরু করতে রাষ্ট্রগুলোকে উৎসাহিত করা হয়।**<br><br>ফোরামের আগে, **২৪টি দেশে ২৭টি স্থানীয় পরামর্শসভা অনুষ্ঠিত হয়েছিল**, যেখানে ৩০০ জনের বেশি সার্ভাইভারদের কথা শোনা হয়েছিল।<br><br>প্রক্রিয়াটি স্ট্র্যাসবুর্গের **কাউন্সিল অব ইউরোপে ১২টি ভিন্ন দেশের ১৫ জন সার্ভাইভার অ্যাডভোকেট এবং বিশেষজ্ঞদের** আনা সুপারিশ এবং ৮২টি দেশের নীতিনির্ধারকদের সাথে কীভাবে এসইএ শেষ করা যায় তা নিয়ে আলোচনার মাধ্যমে শেষ হয়েছিল।<br><br>যৌন শোষণ ও নির্যাতন ঘিরে সংলাপে সার্ভাইভারদের কণ্ঠস্বরকে একত্রিত করার জন্য একটি **অনলাইন আলোচনাও** অনুষ্ঠিত হয়েছিল।<br><br>ফোরামটি ছিল সার্ভাইভার ব্যক্তিদের কথা বলার জন্য একটি প্ল্যাটফর্ম তৈরি করার এবং একটি সার্ভাইভার-পরিচালিত আন্দোলন তৈরি করার প্রথম পদক্ষেপ। ফোরামের একটি মূল ফলাফল ছিল **'শৈশবে যৌন শোষণ ও নির্যাতনের শিকার ব্যক্তিদের অধিকারের বিল'** চুক্তি যা বিশ্বব্যাপী শিশুদের সাথে সহভাগিতা করা হবে। |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | সার্ভাইভাররা অধিকার বিলে তাদের দশটি সুনির্দিষ্টসহ অন্যান্য অগ্রাধিকার এবং প্রয়োজনের রূপরেখা দিয়েছেন :<br><br>• আপনার সাথে যা ঘটেছে তা **রিপোর্ট করার অধিকার** আপনার আছে (কোনও নিরাপদ ব্যক্তি, বিশ্বস্ত সংস্থা বা পুলিশকে জানানো)<br><br>• আপনার **সুরক্ষা পাওয়ার অধিকার** রয়েছে (অপরাধ প্রতিরোধ করা এবং সনাক্ত করা এবং বিপদ থেকে বাঁচিয়ে যারা আপনাকে আঘাত করে তাদের থেকে দূরে সরিয়ে আনা এবং আপনাকে সাহায্য করা পুলিশের দায়িত্ব)<br><br>• যারা আপনার ক্ষতি করেছেন তাদের বিরুদ্ধে **অভিযোগ দায়ের করার অধিকার** আপনার আছে (এটি করলে পুলিশকে আপনার অভিযোগ তদন্ত করতে হবে, এবং প্রসিকিউটর, বিচারক এবং আইনজীবীদের সাথে মিলে যত তাড়াতাড়ি সম্ভব আপনার অভিযোগের সমাধান করতে হবে)<br><br>• আপনি যখন **আইনি প্রক্রিয়ায় অংশগ্রহণ করেন তখন আপনার বিশেষ অধিকার রয়েছে**<br><br>• আপনার **এমন সাহায্য পাওয়ার অধিকার রয়েছে যা আপনার জন্য আইনি প্রক্রিয়াকে সহজ করে তুলতে পারে** (যেমন অনুবাদে সাহায্য, আইনি ব্যবস্থা কীভাবে কাজ করে সে সম্পর্কে তথ্য)<br><br>• **আইনি প্রক্রিয়া চলাকালীন আপনার নিরাপদ থাকার অধিকার রয়েছে** (এবং হয়রানি, বা আপনার বক্তব্য পরিবর্তন করা বা অভিযোগ ফিরিয়ে নেওয়ার হুমকি থেকে সুরক্ষা পাওয়ার)<br><br>• আইনি প্রক্রিয়া চলাকালীন আপনার **গোপনীয়তার প্রতি সম্মান পাওয়ার অধিকার** আপনার আছে (পুলিশ, প্রসিকিউটর, বিচারক এবং আইনজীবী যেন কোনো ব্যক্তিগত তথ্য শেয়ার না করেন তা নিশ্চিত করা উচিত) |

| | |
|---|---|
| | • আইনি প্রক্রিয়ার আগে এবং চলাকালীন এবং আপনি আবার ঠিক না হওয়া পর্যন্ত আপনাকে সুস্থ হতে সাহায্য করার জন্য আপনার **বিনামূল্যে চিকিৎসা এবং সামাজিক সেবা পাওয়ার অধিকার** রয়েছে<br>• আপনার অভিযোগ কী অবস্থায় আছে এবং আপনি বোঝেন এমন ভাষায় **আইনি প্রক্রিয়া সম্পর্কিত তথ্য পাওয়ার অধিকার** রয়েছে<br>• আপনার ক্ষতির জন্য **ক্ষতিপূরণ দাবি করার অধিকার** আপনার আছে। |
| **সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | • **সার্ভাইভারদের নিরাপত্তা এবং সুস্থতা** : শুধুমাত্র ১৮ বছরের বেশি বয়সী শৈশবে এসইএ সার্ভাইভাররা ফোরামে অংশগ্রহণ করতে পেরেছিলেন। ফোরামে অংশগ্রহণ করতে স্বাচ্ছন্দ্যবোধ করতে অংশগ্রহণকারীদের উৎসাহিত করার জন্য নির্দেশিকাগুলো তৈরি এবং শেয়ার করা হয়েছিল।<br>• **অনলাইন প্ল্যাটফর্মে সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য বিশেষ বিবেচনার প্রয়োজন ছিল:** গ্লোবাল ফোরামের ভার্চুয়াল অংশটি মার্কিন যুক্তরাষ্ট্রের একটি সার্ভাইভার-কেন্দ্রিক সংস্থা দ্বারা ব্যবহৃত একটি বিদ্যমান, সুপরীক্ষিত এবং সুরক্ষিত প্ল্যাটফর্মের অনুরূপভাবে তৈরি করা হয়েছিল অভিজ্ঞ মডারেটররা অনলাইন আলোচনা পর্যবেক্ষণ করেছেন। ভার্চুয়াল ফোরামে অংশগ্রহণকারীরা লাইভ পূর্ণাঙ্গ অধিবেশন অনুসরণ করতে এবং মন্তব্য এবং সুপারিশ প্রদান করতে সক্ষম হয়েছিল।<br>• **সার্ভাইভার দ্বারা চালিত এবং পরিকল্পিত (করণীয় এবং ফলো-আপ করা যায় এমন):** সার্ভাইভাররা করণীয় এবং কীভাবে ফলো-আপ করতে হবে তা নির্ধারণ করেছেন। ফোরামের মূল সুপারিশ সম্বলিত একটি ফলাফলের নথি প্রস্তুত করা হয়েছিল, যা সার্ভাইভারদের অভিজ্ঞতা এবং তাদের অনন্য দৃষ্টিভঙ্গি, সেইসাথে তারা যে চ্যালেঞ্জগুলোর মুখোমুখি হয়েছিল এবং অব্যাহতভাবে মোকাবেলা করছে তা বিবেচনা করেছিল। নথিটি সরকার, আন্তর্জাতিক সংস্থা, আঞ্চলিক কাঠামো, বেসরকারি খাত এবং সুশীল সমাজ সহ বিভিন্ন নীতিনির্ধারকদের কাছে উপস্থাপন করা হয়েছিল।<br>• **সৃজনশীল, কার্যকর এবং সহজপ্রাপ্য ইনপুটের মাধ্যমে শিশুদের কথা শোনা:** যদিও ফোরামটি শিশু সুরক্ষার উদ্দেশ্যে ১৮ বছরের বেশি বয়সী অংশগ্রহণকারীদের জন্য ছিল, তবুও ফোরাম শিশুদের ভিডিও/অঙ্কন/কবিতা জমা দিতে উৎসাহিত করেছিল যাতে আলোচনাজুড়ে এবং ফোরাম চলাকালীন তাদের কথা শোনা যায়। উপকরণগুলো ইসিপিএটি ইন্টারন্যাশনালের ওয়েবসাইটের সার্ভাইভারদের কণ্ঠস্বর পেজে অন্তর্ভুক্ত করা হয়েছে। |
| **সূত্র** | ইসিপিএটি ওয়েবসাইট: http://www.ecpat.org/survivor-voices/<br>ECPAT International (2016) , *Information Paper* https://www.ecpat.org.uk/global-survivors-forum-information-paper-1<br>Survivors Bill of Rights (2016) : http://www.ecpat.org/wp-content/uploads/2016/11/KnowYourRight_Bey_ENG_A2size_final.pdf |

| শিশু যৌন নির্যাতনের স্বাধীন তদন্ত (আইআইসিএসএ) (২০১৫-বর্তমান) | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | **যুক্তরাজ্য হোম অফিস (স্বরাষ্ট্র মন্ত্রণালয়) দ্বারা প্রতিষ্ঠিত** |
| **বিবরণ** | গুরুতর ঘটনার পরে শিশু যৌন নির্যাতনের বিরুদ্ধে স্বাধীন তদন্ত (আইআইসিএসএ) গঠিত হয়। সরকারের উদ্বেগ ছিল যে কয়েকটি সংস্থা শিশুদের যৌন নির্যাতন থেকে রক্ষা করতে ক্রমাগত ব্যর্থ হচ্ছিল।<br><br>তদন্তে বেশ কিছু মূল ধারা রয়েছে যা চেয়ার এবং প্যানেলের সামগ্রিক সিদ্ধান্ত এবং সুপারিশগুলোকে অবহিত করবে:<br><br>• **কী ভুল হয়েছে এবং কেন হয়েছে তা খতিয়ে দেখতে তদন্তসহ গণশুনানি**<br>• **সুপারিশগুলো যেন সর্বশেষ তথ্য দ্বারা সমৃদ্ধ করা হয় তা নিশ্চিত করার জন্য গবেষণা এবং বিশ্লেষণ প্রোগ্রাম**<br>• **ট্রুথ প্রজেক্ট,** যা সার্ভাইভারদের অভিজ্ঞতা শেয়ার করতে এবং তা সম্মানের সাথে গৃহীত হবার এবং স্বীকৃতি পাওয়ার সুযোগ দেয়<br>• **ভিক্টিম এবং সার্ভাইভারস ফোরাম** ফোরামের সদস্যদের তদন্তের কাজে অবদান রাখার এবং অন্যান্য সদস্যদের সাথে দেখা করার সুযোগ প্রদান করে। ২৭০ জনের বেশি ভিক্টিম এবং সার্ভাইভার ফোরামে যোগদান করেছেন এবং মিটিং, ফোরাম গ্রুপ আলোচনা এবং সেমিনারে যোগদান করেছেন।<br><br>সার্ভাইভার ব্যক্তিরা তদন্তের একজন সদস্যের সাথে তাদের অভিজ্ঞতা শেয়ার করার জন্য একটি ব্যক্তিগত অধিবেশনে যোগ দিতে পারেন। সার্ভাইভারদের জিজ্ঞাসাবাদ বা চ্যালেঞ্জ করা হয় না এবং তারা যে তথ্য প্রদান করে তা যাচাই বা পরীক্ষা করা হয় না। তাদের ঘটনাগুলো বেনামি রাখা হয় এবং সিদ্ধান্তে পৌঁছানোর সময় বিবেচনা করা হবে।<br><br>সার্ভাইভাররা অনুসন্ধানের বার্ষিক রিপোর্টের সাথে একত্রে প্রকাশ করার জন্য একটি বার্তাও লিখতে পারেন – ট্রুথ প্রজেক্ট মাইক্রোসাইট-এ আরও তথ্য পাওয়া যাবে।<br><br>এপ্রিল ২০১৮ পর্যন্ত (অন্তর্বর্তী রিপোর্ট), শিশু যৌন নির্যাতনের ১,০৪০টি ঘটনা এখনও পর্যন্ত ট্রুথ প্রজেক্টে শেয়ার করা হয়েছে, যার মধ্যে ৭৮৭টি ব্যক্তিগত সেশন এবং ২৫৩টি লিখিত। অংশগ্রহণকারীদের ৫৩% মহিলা, ৪৬% পুরুষ এবং ১% 'অন্যান্য' হিসাবে চিহ্নিত। ১০ জনের মধ্যে প্রায় ৬ জন বলেছেন তারা ৪-১১ বছর বয়সে (৬১%) এবং ৪ জনের মধ্যে ১ জন বলেছেন তারা ১২-১৫ বছর বয়সে (২৪%) প্রথমবার নির্যাতিত হয়েছিলেন। |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | অন্তর্বর্তী রিপোর্টটি আংশিকভাবে সার্ভাইভারদের চাহিদার উপর ভিত্তি করে বেশ কয়েকটি সুপারিশ প্রদান করে, কিন্তু তাদের নির্দিষ্ট অগ্রাধিকারগুলোকে তুলে ধরে না। কিছু উদাহরণের মধ্যে আছে:<br><br>• **ফৌজদারি বিচার ব্যবস্থার উন্নতি:** অনেক সার্ভাইভার ব্যক্তি তদন্তের প্রয়োজনীয়তাকে অগ্রাধিকার দিয়েছেন যাতে পুলিশ এবং আদালত যৌন নির্যাতনের ভিক্টিম এবং সার্ভাইভারদের আরও ভালোভাবে সহায়তা করতে পারে। সুনির্দিষ্ট পরামর্শের মধ্যে রয়েছে: পুলিশ এবং আদালতের জবাবদিহিতা নিশ্চিত করা যাতে তারা নির্যাতনের ভিক্টিম প্রাপ্তবয়স্কদের সাথে সংবেদনশীলতা এবং সম্মানের সাথে আচরণ করে এবং এটি সমগ্র যুক্তরাজ্যজুড়ে মানা হবে; আরো নিশ্চিত করা যে পুলিশ ভিক্টিম বা সার্ভাইভারের কোনো তথ্য জনসমক্ষে আনবে না, যেমন একটি থানার অভ্যর্থনা ডেস্কে সাজা ও অন্যান্য আদালতের প্রক্রিয়া পর্যালোচনা করা।<br>• **দীর্ঘমেয়াদি প্রভাব এবং সমর্থন সম্পর্কে জানা:** শৈশবকালে যৌন নির্যাতন একজন নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারের পুরো জীবনে কী প্রভাব ফেলতে পারে নীতিনির্ধারকদের তা বোঝা প্রয়োজন।<br>• **স্বাস্থ্য খাতে উন্নতি** বিশেষ করে স্বাস্থ্যসেবার ক্ষেত্রে শিশুদের চিকিৎসায় চিকিৎসা সহায়কদের প্রশিক্ষণ ও ব্যবহারের বিষয়ে একটি জাতীয় নীতিমালা তৈরি করতে হবে। |



RESOURCE & SUPPORT HUB

UK International Development
Partnership | Progress | Prosperity

| | |
|---|---|
| | • **পুলিশ বাহিনীর মধ্যে সংস্কৃতিগত পরিবর্তন**, যাতে প্রধান কর্মকর্তা পদে উন্নীত হতে চাওয়া যেকোনো পুলিশ কর্মকর্তাকে অবশ্যই যা আগে করতে হবে : শিশু যৌন নির্যাতন প্রতিরোধ এবং প্রতিক্রিয়া জানানোর ক্ষেত্রে বাস্তবিক পুলিশি অভিজ্ঞতা অর্জন, এবং শিশু যৌন নির্যাতন প্রতিরোধ ও প্রতিক্রিয়া জানানোর ক্ষেত্রে পুলিশ বাহিনীর ভূমিকায় স্বীকৃতি অর্জন। নিপীড়নের ঘটনা যখনই ঘটুক না কেন, পুলিশ যেভাবে শিশুর যৌন নির্যাতনের ঘটনাগুলো নিয়ে কাজ করেছে সে সম্পর্কে অভিযোগ বিবেচনা করা হবে।<br>• **চিলড্রেন হোমে কর্মরত পরিচর্যা কর্মীরা পেশাদারভাবে নিবন্ধিত হয়েছেন তা নিশ্চিত করা।**<br>• **শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ বা ক্ষতিকর এমন পেশাদারদের সমস্ত সেক্টরে শিশুদের সাথে কাজ করতে বাধা দেওয়া হয়েছে তা নিশ্চিত করা।** |
| **সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | • **প্রশিক্ষিত সহায়তা কর্মী, পুরুষ এবং মহিলা উভয়ই:** ট্রুথ প্রজেক্ট এবং ফোরাম ইভেন্টের সময় সার্ভাইভাররা পুরুষ এবং মহিলা উভয় সহায়তা কর্মী এবং পরামর্শদাতাদের সেবা নিতে পারেন। ট্রুথ প্রজেক্টের ৮১% অংশগ্রহণকারীরা তাদের দেওয়া মানসিক সহায়তা এবং কাউন্সেলিং গ্রহণ করেছেন এবং এর মধ্যে ৯৩% বলেছেন যে সহায়তা উপকারি ছিল।<br>• **যারা সহজেই লন্ডনে যেতে পারে না এমন সার্ভাইভারদের জন্য সহজপ্রাপ্যতা:** তদন্তের প্রাথমিক পর্যায়ে, সার্ভাইভাররা এই তদন্তের সহজপ্রাপ্যতা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছিলেন এবং পরবর্তীকালে লিভারপুল, ডার্লিংটন, কার্ডিফ এবং এক্সেটারে অফিস খোলা হয়েছিল।<br>• **নিশ্চিত করা যে সার্ভাইভারদের জন্য যোগাযোগ করা খুব আনুষ্ঠানিক বা ভীতিকর না হয়,** যেমন সাধারণ ইংরেজিতে রিপোর্ট, ভিডিও এবং সার্ভাইভারদের জন্য উৎসর্গকৃত অনলাইন স্পেস। প্রাথমিক প্রতিক্রিয়া ছিল যে তদন্ত যোগাযোগগুলো খুব প্রাতিষ্ঠানিক ভাবে এবং "সরকারি সেবা"র মতো করে করা হয়েছিল, যা ভিক্টিম এবং সার্ভাইভার উভয়কেই বিচ্ছিন্ন করে এবং তাদের এগিয়ে আসতে বাধা দেয়।<br>• **বেনামি এবং গোপনীয়তা** যাতে মানুষ ইচ্ছা করলে তাদের নাম গোপন রাখতে পারে বা তাদের সম্পৃক্ততার বিষয়ে কথা বলতে পারে। তদন্তটির গোপনীয়তা নিশ্চিত করার জন্য, সার্ভাইভারদের নাম প্রকাশ না করার জন্য একটি বিধিনিষেধমূলক আদেশ রয়েছে। যদিও তদন্ত এই তথ্য গোপন রাখে, তবুও তার শর্তাবলি অনুসারে শিশু নির্যাতনের সমস্ত অভিযোগ পুলিশকে জানাতে হবে। ঐসব পরিস্থিতি ব্যতীত, আদালতের নির্দেশ না দেওয়া পর্যন্ত সার্ভাইভারদের তথ্য প্রকাশ করা হবে না।<br>• **হুইসেলব্লোয়ার সুরক্ষা:** হুইসেলব্লোয়ারদের যারা এই তদন্তের সাথে যোগাযোগ করতে ইচ্ছুক তাদের জন্য দৃঢ় আইনি সুরক্ষা রয়েছে তা নিশ্চিত করার প্রয়োজনীয়তা সার্ভাইভাররা ব্যক্ত করেছিলেন।<br>• **অন্তর্ভুক্তিতা** এবং নিশ্চিত করা যে সম্পৃক্ত হওয়ার প্রক্রিয়াগুলো বিভিন্ন জাতি, সংস্কৃতি এবং দক্ষতার মানুষদের অন্তর্ভুক্ত করে, যার মধ্যে আছে কম্পিউটার ছাড়া এবং/অথবা শেখার অসুবিধা রয়েছে এমন ব্যক্তি।<br>• **কীভাবে সম্পৃক্ত হতে চান তা বেছে নিতে সার্ভাইভারদের বিভিন্ন বিকল্প প্রদান করা,** যেমন- লেখার মাধ্যমে, অডিও ফাইল যেমন একটি পডকাস্টে, ভিডিওতে, বা ব্যক্তিগতভাবে। |
| **সূত্র** | আইআইসিএসএ ওয়েবসাইট: www.iicsa.org.uk<br>ট্রুথ প্রজেক্ট ওয়েবসাইট: www.truthproject.org.uk<br>IICSA (2016) *Victims and Survivors Forum Pilot Event* https://www.iicsa.org.uk/cy/key-documents/978/view/VictimsSurvivorsForum-PilotOutputSummary.pdf<br>IICSA (2018) *Interim Report of the Independent Inquiry into Child Sexual Abuse* https://www.iicsa.org.uk/about-us/interim-report |

| রয়্যাল কমিশন ইনটু ইন্সটিটিউশনাল রেসপন্সেস টু চাইল্ড সেক্সুয়াল অ্যাবিউজ (২০১৩-২০১৭) | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | **অস্ট্রেলিয়ান সরকার** |
| **বিবরণ** | এই কমিশন অস্ট্রেলিয়ার শিক্ষাপ্রতিষ্ঠান, ধর্মীয় গোষ্ঠী, ক্রীড়া সংস্থা, রাষ্ট্রীয় প্রতিষ্ঠান এবং যুব সংগঠনগুলোতে নিপীড়নের ইতিহাস পরীক্ষা করে, ১৫ ডিসেম্বর ২০১৭-এ চূড়ান্ত রিপোর্ট প্রকাশ করে।<br><br>**সার্ভাইভাররা প্রধানত ব্যক্তিগত সেশনে জবানবন্দি দেওয়ার মাধ্যমে কমিশনের সুপারিশ তৈরিতে অংশ নিয়েছিল।** ১৬,০০০ জনেরও বেশি ব্যক্তি রয়্যাল কমিশনের সাথে যোগাযোগ করেছিলেন, ৮,০০০টিরও বেশি ব্যক্তিগত গল্প ব্যক্তিগত সেশনে শোনা হয়েছিল। ১,০০০ জনের বেশি সার্ভাইভাররা তাদের অভিজ্ঞতার একটি লিখিত বিবরণ প্রদান করেছেন, যা একজন কমিশনার পড়েছিলেন এবং তার প্রতিক্রিয়া জানিয়েছিলেন।<br><br>কমিশন রিপোর্টের পঞ্চম ভলিউম ব্যক্তিগত সেশনের সময় বলা শিশু যৌন নির্যাতনের সার্ভাইভারদের অভিজ্ঞতা বিশ্লেষণ করে |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | পরিবর্তনের জন্য সার্ভাইভারদের যে পরামর্শগুলো অন্তর্ভুক্ত করা হয়েছে :<br>• কীভাবে প্রতিষ্ঠান এবং সমাজ ভবিষ্যতে শিশুদের যৌন নির্যাতন থেকে আরও ভালোভাবে রক্ষা করতে পারে সে সম্পর্কে **সার্ভাইভারদের জ্ঞান এবং অভিজ্ঞতা থেকে শেখা।**<br>• **সচেতনতা বাড়ানো এবং শিশু যৌন নির্যাতন সম্পর্কে ভুল ধারণাগুলোকে চ্যালেঞ্জ করা দরকার,** কিছু উদাহরণ হলো এটি একটি চিরকালীন সমস্যা, কিছু নির্দিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে এগুলো সীমাবদ্ধ, বা এর অপরাধীরা একটি 'গতানুগতিক ধাঁচের' হয়ে থাকে।<br>• **প্রতিষ্ঠানগুলো শিশুদের সাথে কাজ করতে বা স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করতে ইচ্ছুক প্রাপ্তবয়স্কদের অতীত ইতিহাস যাচাই করবে** যাতে সম্ভাব্য অপরাধীদের পক্ষে শিশুদের সংস্পর্শে আসা কঠিন হয়।<br>• **প্রাতিষ্ঠানিক সংস্কৃতিতে পরিবর্তনসহ** যৌন সম্পর্ক এবং যৌনতার প্রতি আরও খোলামেলা, অন্তর্ভুক্তিমূলক মনোভাব বিকাশ করা (বিশেষ করে উপাসনালয়ে), এবং যৌন নির্যাতনের ঝুঁকির কারণগুলো বোঝার জন্য কর্মীদের প্রশিক্ষণ দেওয়া।<br>• **প্রতিরোধমূলক কার্যক্রম**, যার মধ্যে রয়েছে শিশুদের জন্য শিক্ষামূলক প্রোগ্রাম, যাতে তারা নির্যাতনের পরিস্থিতি চিহ্নিত করতে এবং উপযুক্তভাবে সাড়া দিতে পারে, এবং ঝুঁকিতে থাকা শিশু ও পরিবারকে দ্রুত হস্তক্ষেপে সহায়তা করা যায়।<br>• **শিশু যৌন নির্যাতনের জন্য কার্যকর প্রাতিষ্ঠানিক সাড়াদানের গুরুত্ব,** বিশেষ করে ফৌজদারি বিচার ব্যবস্থার (পুলিশ এবং আদালত) উন্নতি।<br>• নিপীড়নের সময় এবং দীর্ঘমেয়াদে ভিক্টিম এবং সার্ভাইভারদের জন্য **সমর্থন এবং অ্যাডভোকেসি সেবা।**<br>• **প্রতিকার** - অনেক সার্ভাইভার উপযুক্ত প্রতিকার পরিকল্পনার প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেছেন, যেগুলো কার্যকর এবং সহজ এবং যেখানে প্রতিষ্ঠান এবং নিপীড়নের জন্য দায়ী ব্যক্তিরা খরচ বহন করে। |
| **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সম্পৃক্ত করার** | • **একটি 'ব্যক্তিগত সেশন' মডেল ব্যবহার করা** যেখানে সার্ভাইভাররা একটি সুরক্ষিত এবং সহায়ক পরিবেশে কমিশনারের কাছে তাদের নিপীড়নের গল্প বলতে পারে। এই সেশনের অনেক ঘটনা চূড়ান্ত রিপোর্টে বেনামি আকারে অন্তর্ভুক্ত করা হয়েছে। সার্ভাইভারদের সেশনের আগে একটি পুস্তিকা সরবরাহ করা হয়েছিল যাতে তারা জানতে পারে যে কী আশা করা যায়। |

| | |
|---|---|
| **জন্য অর্জিত শিক্ষা** | • অতীতের ট্রমার অভিজ্ঞতা শেয়ার করার কারণে সৃষ্ট সম্ভাব্য কষ্ট সীমিত করতে **সার্ভাইভারদের ব্যক্তিগত সেশনের আগে, চলাকালীন এবং পরে কাউন্সেলরদের কাছ থেকে মানসিক সহায়তা পাওয়ার গুরুত্ব।** সার্ভাইভারদের চাহিদা মেটাতে এবং তাদের ব্যক্তিগত সেশন চলাকালীন একটি নির্দিষ্ট লিঙ্গের লোকদের উপস্থিত না করার অনুরোধসহ তাদের জন্য যথাসম্ভব নিরাপদ এবং আরামদায়ক পরিবেশ তৈরি করার চেষ্টা করা হয়েছিল। চলমান সহায়তার জন্য স্থানীয় সেবাগুলোতে যথাযথ রেফারেল সরবরাহ করা হয়েছিল।<br>• **সার্ভাইভার পরিচালিত আলোচনা এবং বিষয়বস্তু,** প্রত্যেক সার্ভাইভার তাদের অভিজ্ঞতা এবং শিশু যৌন নির্যাতনের প্রভাব কীভাবে এবং কতটুকু বিস্তারিতভাবে বর্ণনা করবে তা বেছে নিয়েছেন।<br>• **আলোচনার মধ্যে ইতিবাচক উপাদানগুলোর উপর ফোকাস করা,** যার মধ্যে রয়েছে আশা, প্রতিরোধ এবং সহনশীলতা, সেইসাথে শক্তি এবং সমর্থনের উৎসগুলোসহ ব্যক্তিগত সেশনে অংশ নেওয়ার ফলে পুনরায় আঘাতের ঝুঁকি হ্রাস করতে সহায়তা করে। অনেক সার্ভাইভার ভবিষ্যতে শিশুদের আরও ভালো সুরক্ষার জন্য পরামর্শ দিয়েছিলেন, বলেছিলেন যে এটি তাদের এগিয়ে আসার এবং একটি ব্যক্তিগত সেশনে অংশ নেওয়ার প্রাথমিক কারণ।<br>• রয়্যাল কমিশনের চেয়ার এবং প্রিসাইডিং কমিশনারের স্বাক্ষরিত একটি ব্যক্তিগত ধন্যবাদ কার্ড, ভ্রমণ ব্যয় এবং একটি প্রাইভেট সেশনের পরের সপ্তাহ এবং মাসগুলোতে তারা কী আশা করতে পারে তা বর্ণনা করে একটি পুস্তিকাসহ **ফলো-আপ করার প্রতিশ্রুতি।**<br>• অস্ট্রেলিয়ার অনেক অংশে এবং আঞ্চলিক এবং প্রত্যন্ত সম্প্রদায়ের সাথে সার্ভাইভার গোষ্ঠী, প্রতিষ্ঠান, কমিউনিটি সংস্থা এবং সেবাদানকারীদের সাথে পাবলিক ফোরাম এবং ব্যক্তিগত মিটিংসহ **সামাজিক সম্পৃক্ততা।**<br>• **সব ধরণের এবং বিপদাপন্ন সার্ভাইভারদের উপর ফোকাস করুন,** যা তদন্তের ক্ষেত্রে ছিল: (১) ব্যক্তিগত সেশনের সময় ২৫ বছরের কম বয়সী শিশু এবং যুবক; (২) আদিবাসী এবং টরেস স্ট্রেইট দ্বীপবাসী সার্ভাইভার; (৩) সাংস্কৃতিক এবং ভাষাগতভাবে ভিন্ন পটভূমির সার্ভাইভার; (৪) নিপীড়িত প্রতিবন্ধী সার্ভাইভার; (৫) ব্যক্তিগত সেশনের সময় কারাগারে থাকা সার্ভাইভাররা। সেশনগুলো এই বহুমুখী এবং বিপদাপন্ন গোষ্ঠীগুলোর প্রত্যেকের জন্য উপযোগী করা হয়েছিল |
| **সূত্র** | রয়্যাল কমিশন ইনটু ইন্সটিটিউশনাল রেসপন্সেস টু চাইল্ড সেক্সুয়াল অ্যাবিউজ-এর ওয়েবসাইট: www.childabuseroyalcommission.gov.au<br>রয়্যাল কমিশন ইনটু ইন্সটিটিউশনাল রেসপন্সেস টু চাইল্ড সেক্সুয়াল অ্যাবিউজ (২০১৭) চূড়ান্ত রিপোর্ট: *ব্যক্তিগত সেশন, ভলিউম ৫।* https://www.childabuseroyalcommission.gov.au/sites/default/files/final_report_-_volume_5_private_sessions.pdf |



RESOURCE & SUPPORT HUB
UK International Development
Partnership | Progress | Prosperity

| মানব পাচার সংক্রান্ত মার্কিন যুক্তরাষ্ট্রের উপদেষ্টা পরিষদ (২০১৫-বর্তমান) | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | **মার্কিন স্টেট ডিপার্টমেন্ট** |
| **বিবরণ** | মানব পাচার সংক্রান্ত মার্কিন উপদেষ্টা পরিষদ ২০১৫ সালের মে মাসে জাস্টিস ফর ভিক্টিমস অফ ট্রাফিকিং অ্যাক্ট দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল। ফেডারেল পাচার বিরোধী নীতিগুলোকে উন্নত করার জন্য পরামর্শ এবং সুপারিশ করার জন্য কাউন্সিল হল **পাচারের কারণে নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের একটি আনুষ্ঠানিক প্ল্যাটফর্ম।** কাউন্সিলের এগারো সদস্যের সবাই মানব পাচারের সার্ভাইভার।<br><br>কাউন্সিলের বাইরে, সার্ভাইভাররা বিভিন্ন আঞ্চলিক সফরে **গোলটেবিল বৈঠক এবং সার্ভাইভারদের সাথে আলোচনার** মাধ্যমে সম্পৃক্ত হন। ২০১৬ এবং ২০১৭ সালে, সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকারের জরিপ হয়েছিল। |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | কাউন্সিল পাঁচটি কমিটিতে সংগঠিত যা সার্ভাইভারদের অগ্রাধিকার ক্ষেত্রগুলোর প্রতিনিধিত্ব করে। সর্বশেষ (২০১৭) কাউন্সিল রিপোর্ট নিম্নলিখিত চাহিদা এবং অগ্রাধিকার চিহ্নিত করে:<br>• **আইনের শাসন,** বিভিন্ন সরকারী দপ্তরে মানব পাচারের সকল প্রকারের প্রশিক্ষণসহ এবং সার্ভাইভারদের প্রশিক্ষণ হিসাবে সম্পৃক্ত করা।<br>• **জনসচেতনতা,** যাতে সার্ভাইভারদের আরও বহুমুখী প্রতিনিধিত্ব করা হয় এবং জনসচেতনতা এবং প্রচারে সমস্ত ধরণের পাচারের বিষয়ে জানানো হয় এবং সমস্ত জনসচেতনতামূলক প্রচেষ্টাকে ট্রমা-সচেতন করা।<br>• **ভিক্টিম সেবা** এবং পাচার দ্বারা নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের ব্যাপক সেবা নিশ্চিত করা, যার মধ্যে আছে- সার্ভাইভারদের পছন্দমতো আবাসন নির্ধারন করা।<br>• **শ্রম আইন,** যার মধ্যে রয়েছে শ্রম বিভাগের জন্য সার্ভাইভার-সচেতন প্রশিক্ষণ, সম্ভাব্য শোষণ বা মানব পাচারের কেস সনাক্ত করতে পর্যটন, কৃষি ও নির্মাণ শিল্পে তদন্ত বৃদ্ধি করা।<br>• অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক পাচার বিরোধী কর্মসূচিতে প্রতিশ্রুতিশীল এবং উদ্ভাবনী অনুশীলনগুলো নথিভুক্ত করাসহ **অনুদান প্রদান।** কাউন্সিল পাঁচটি সরকারী সংস্থায় (ইউএসএইডসহ) সার্ভাইভারদের নেতৃত্ব এবং ক্ষমতায়নের জন্য এবং এই সংস্থাগুলোর সাথে সহযোগিতা করার জন্য অনুদান প্রক্রিয়ায় সার্ভাইভার ইনপুটের ক্ষেত্রগুলো চিহ্নিত করতে তহবিল দেওয়ার সুপারিশ করেছে।<br><br>কাউন্সিলের আঞ্চলিক ভ্রমণে, সার্ভাইভাররা উপজাতীয় সম্প্রদায়, বয়স্ক এবং প্রাপ্তবয়স্ক নারীসহ **সুবিধাবঞ্চিত সার্ভাইভার জনগোষ্ঠীকে** সেবা প্রদানের গুরুত্ব শেয়ার করেছে।<br><br>তারা সুপারিশ করেছে যে ফেডারেল এবং রাজ্যের সরকারী সংস্থাগুলো **সার্ভাইভারদের জন্য দীর্ঘমেয়াদি সেবা দেবে** এবং আবাসন, কর্মসংস্থান, শিক্ষা, স্বাস্থ্য, এবং মানসিক স্বাস্থ্য সহায়তার ফাঁকগুলো সমাধান করার জন্য কাজ করে। |
| **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | • পুনরায় ট্রমা ঠেকাতে এবং ব্যক্তির উপর আঘাতের প্রভাব সম্পর্কে বোঝা নিশ্চিত করতে **একটি সার্ভাইভার-কেন্দ্রিক এবং ট্রমা-সচেতন পন্থা ব্যবহার করুন।**<br>• স্টাফ সদস্য, পরামর্শদাতা, বা প্রশিক্ষক হিসাবে সার্ভাইভারদের দক্ষতার জন্য **পারিশ্রমিক দিন।** অন্য যে-কোনো কর্মচারী বা পরামর্শদাতার মতোই সার্ভাইভাররা তাদের সময় এবং দক্ষতার জন্য পারিশ্রমিক পাওয়ার যোগ্য।<br>• পাচারবিরোধী নীতি, কর্মসূচি, প্রশিক্ষণ, এবং অ্যাডভোকেসি প্রচেষ্টার নকশা এবং বাস্তবায়ন উভয় ক্ষেত্রেই **ইনপুট অন্তর্ভুক্ত করুন।** |

| | |
|---|---|
| | • অবগত সম্মতি ছাড়া তথ্য বা ছবি প্রকাশ না করাসহ **সার্ভাইভারদের পরিচয় ও গোপনীয়তা রক্ষা করুন।** |
| **সূত্র** | US Department of State (2017) Engaging Survivors of Human Trafficking https://www.state.gov/documents/organization/272324.pdf<br>United States Advisory Council on Human Trafficking Annual Report 2017 https://www.state.gov/j/tip/276836.htm |

| পিএসভিআই স্টিগমা প্রোগ্রাম (২০১৬-২০১৭) | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | **ইউকে ফরেন অ্যান্ড কমনওয়েলথ অফিস (এফসিও)** |
| **বিবরণ** | ২০১৬ সালে পিএসভিআই তাদের নীতি অবহিত করার জন্য এবং এসভিসির সাথে যুক্ত কলঙ্ক মোকাবেলায় কাজ করার জন্য সংঘাতে আক্রান্ত দেশগুলোতে যৌন সহিংসতা থেকে সার্ভাইভারদের (এসভিসি) সম্পৃক্ত করার জন্য একাধিক কর্মশালার আয়োজন করে।<br><br>**মিয়ানমার**, কলম্বিয়া, ইরাক, কসোভো, নেপাল, নাইজেরিয়া, রুয়ান্ডা, সোমালিয়া, শ্রীলঙ্কা এবং উগান্ডায় কর্মশালা অনুষ্ঠিত হয়েছিল যা কলঙ্ক মোকাবেলার কিছু সমস্যা এবং চ্যালেঞ্জ চিহ্নিত করতে আর বুঝতে সার্ভাইভার, বিশেষজ্ঞ, স্থানীয় সরকার, সুশীল সমাজ, মিডিয়া এবং ধর্মীয় গোষ্ঠীগুলোকে একত্রিত করেছিল। কর্মশালাগুলোয় এই বিষয়ে কাজ করা এনজিও এবং পিএসভিআই চ্যাম্পিয়ন ওয়ার্কিং গ্রুপ মিটিংয়ের কথাও আলোচনা হয়েছিল।<br><br>সংঘাতে যৌন সহিংসতা প্রতিরোধে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর বিশেষ প্রতিনিধি (পিএমএসআর) ব্যারনেস অ্যানেলে নভেম্বর ২০১৬-এ উইল্টন পার্কে যুক্তরাজ্য-আয়োজিত একটি সম্মেলনে এই ফ ফলাফলগুলোকে একত্রিত করে উপস্থাপন করেন এবং কীভাবে কলঙ্ক মোকাবেলা করা যায় সে বিষয়ে আলোচনা অব্যাহত রাখেন।<br><br>**সার্ভাইভারদের দল এই সম্মেলনে অংশগ্রহণ করেছিল**, যা একটি 'নিরাপদ এবং নিরপেক্ষ পরিবেশ' হিসাবে গঠিত হয়েছিল, যেখানে সকল অংশগ্রহণকারী সমান অবদান রাখতে পারেন।[2]<br><br>**সার্ভাইভাররা নীতি গঠনে সহায়ক ভূমিকা পালন করে চলেছে** (দেশের ভেতরের কর্মশালার দ্বিতীয় দফার মাধ্যমে), যার মধ্যে রয়েছে বৈশ্বিক কর্মের জন্য নীতিমালা তৈরি করা। এটি ২০১৭ সালের সেপ্টেম্বরে জাতিসংঘে চালু করা হয়েছিল এবং এর লক্ষ্য ছিল এসভিসিরর সাথে যুক্ত কলঙ্ক প্রতিরোধ এবং মোকাবেলার জন্য বর্ধিত রাজনৈতিক ইচ্ছা এবং সংস্থানকে একত্রিত করা। গ্লোবাল অ্যাকশনের নীতিগুলো গ্লোবাল নেটওয়ার্ক অব ভিক্টিম/সার্ভাইভারের সাথে নিয়ে লেখা হয়েছে। |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | সার্ভাইভাররা 'গ্লোবাল অ্যাকশনের নীতিমালা'-তে তাদের চাহিদা এবং অগ্রাধিকারের কথা তুলে ধরেন যার একটি মূল নীতি হল **'ভিক্টিম/সার্ভাইভারদেরকে সবকিছুর কেন্দ্রবিন্দুতে রাখুন'**, যার মধ্যে আছে সব ভিক্টিম/সার্ভাইভারের সাথে সমান এবং ব্যক্তি হিসাবে আচরণ করা এবং একজন ভিক্টিমকে গ্রহণ করার মাধ্যমে কলঙ্ক প্রশমিত করার সার্ভাইভার-কেন্দ্রিক পন্থা। পুনরাবৃত্তিমূলক থিম এবং সার্ভাইভারদের দ্বারা প্রকাশ করা প্রয়োজন অগ্রাধিকার সমস্যা হিসাবে অন্তর্ভুক্ত:<br>• **সার্ভাইভার/ভিক্টিমদের গ্লোবাল নেটওয়ার্ক**: সার্ভাইভার/ভিক্টিমদের জন্য একটি আন্তর্জাতিক প্ল্যাটফর্ম তৈরি করুন এবং বজায় রাখুন, যা তাদের কথা বলার, নিজের অভিজ্ঞতা শেয়ার করার এবং ক্ষমতায়নের জন্য একটি নিরাপদ স্থান প্রদান করে।<br>• **সংস্থানের যোগান এবং স্থায়িত্ব** : দীর্ঘমেয়াদি সমর্থন এবং তৃণমূল সংস্থাগুলোর সংস্থানের যোগান যা এসভিসি সম্পর্কিত কলঙ্ক মোকাবেলায় কাজ করে, মানবিক এবং উন্নয়ন কাজে সাড়াদানে ধারাবাহিকভাবে কাজ করে।<br>• **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভার/ভিক্টিমদের অর্থপূর্ণ সম্পৃক্ততা:** নীতি, প্রকল্প ডিজাইন এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার সমস্ত পর্যায়ে সার্ভাইভারদের অর্থপূর্ণ সম্পৃক্ততা নিশ্চিত করুন যা তাদের এবং তাদের বৃহত্তর সম্প্রদায়কে প্রভাবিত করে।<br>• **দায়িত্বশীল স্টেকহোল্ডারদের প্রশিক্ষণ ও শিক্ষা:** স্টেকহোল্ডারদের জন্য প্রশিক্ষণ, শিক্ষা এবং সচেতনতা বৃদ্ধি নিশ্চিত করা এবং দায়িত্ব বহনকারীদের (পিতামাতা, শিক্ষক, সহকর্মী, সম্প্রদায়ের নেতা, |

[2]পিএসভিআই সম্মেলন: কলঙ্ক মোকাবেলায় বিশ্বব্যাপী পদক্ষেপের নীতি গঠন: https://www.wiltonpark.org.uk/event/wp1508/

| | |
|---|---|
| | ধর্মীয় নেতা, মিডিয়া ইত্যাদি) কলঙ্কের জ্ঞানকে এমনভাবে একীভূত করা যা উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং দীর্ঘমেয়াদি।<br>• **সুরক্ষা এবং নিরাপত্তা:** সার্ভাইভাররা (নারী, পুরুষ, মেয়ে এবং ছেলেসহ) তাদের জন্য তৈরি করা সেবাগুলো নিরাপদে এবং সময় মত পেতে করতে পারে এবং তারা পুনরুদ্ধার, পুনঃএকত্রীকরণ, পুনর্বাসন এবং ফলো-আপের পুরো যাত্রা জুড়ে সুরক্ষিত থাকে।<br>• **দেশীয় আন্তর্জাতিক নীতি ও আইন:** দেশীয়, স্থানীয় আইন এবং নীতিগুলোর আন্তর্জাতিক মানবাধিকার, মানবিক এবং ফৌজদারি আইন মেনে চলা নিশ্চিত করুন। |
| **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | • **সার্ভাইভারদের সমান ভিত্তিতে অন্তর্ভুক্ত করা এবং কেবল সাক্ষ্য দেওয়ার চেয়ে বেশি কিছু করার সুযোগ দেওয়া নিশ্চিত করার জন্য প্রচেষ্টা গ্রহণ করা উচিত।** এর অর্থ হলো, প্রক্রিয়ার শুরুতে তাদের নিয়ে আসা, তাদের সাথে এজেন্ডা এবং বিন্যাস তৈরি করা, ক্ষমতার ভারসাম্যহীনতা সম্পর্কে সচেতন হওয়া এবং নিশ্চিত করা যে সার্ভাইভারদের কথা বলার মতো স্থান আছে যা পুরো অনুষ্ঠানজুড়ে ব্যবহার করা হবে।<br>• সার্ভাইভারদের সম্পৃক্ত করার লক্ষ্যে **অবগত সম্মতি, গোপনীয়তা এবং তথ্য সুরক্ষার নীতিগুলো** যে-কোনো কার্যক্রমের অগ্রভাগে থাকতে হবে - প্রক্রিয়াটি 'কোনও ক্ষতি না করা' হবে।<br>• কর্মশালায় **'নিরাপদ পরিবেশ' তৈরিতে সতর্ক থাকতে হবে।** এর মধ্যে একটি নীরব স্থান অন্তর্ভুক্ত থাকতে পারে, যেখানে আলোচ্য ঘটনায় আক্রান্ত ব্যক্তিরা যেতে পারবেন এবং চাপমুক্ত থাকতে পারবেন। এটি সার্ভাইভারদের অংশগ্রহণের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ, তবে আলোচ্য সমস্যাগুলো জটিল হলে কর্মীদেরও কাজে আসতে পারে। |
| **সূত্র** | FCO (2016) *Preventing Sexual Violence Initiative: Shaping Principles for Global Action to Prevent and Tackle Stigma* Monday 28 – Wednesday 30 November 2016 https://www.wiltonpark.org.uk/wp-content/uploads/WP1508-Report.pdf<br>FCO (2016) *Stigma Workshop Guidance Paper* (Unpublished). |

| সংঘাতে যৌন সহিংসতা বন্ধ করার জন্য বৈশ্বিক সম্মেলন (২০১৪) | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | **ইউকে এফসিও / ডিএফআইডি** |
| **বিবরণ** | ২০১৪ সালের ১০-১৩ জুন সংঘাতে যৌন সহিংসতার অবসানের জন্য **গ্লোবাল সামিট সার্ভাইভারদের কণ্ঠস্বরকে বিশেষ গুরুত্ব দিতে এবং তাদের নীতি-নির্ধারণ প্রক্রিয়ায় আনতে চেয়েছিল।** এটি ছিল এই বিষয়ে বৃহত্তম সমাবেশ, যা ১,৭০০ জনের বেশি প্রতিনিধি এবং ৭৯ জন মন্ত্রীসহ ১২৩টি দেশের প্রতিনিধিদের একত্রিত করেছিল। সার্ভাইভার এবং সার্ভাইভার গোষ্ঠীগুলো শীর্ষ সম্মেলনেরমূল আলোচনায় অংশগ্রহণ করেছিল, সেইসাথে লন্ডনে ১৭৫টিরও বেশি পাবলিক ইভেন্ট এবং সারা বিশ্বের ইভেন্টগুলোর ৮৪-ঘন্টার বৈশ্বিক রিলেতে অংশ নিয়েছিল।<br><br>**সার্ভাইভাররা ফ্রিঞ্জ ইভেন্টেরও একটি গুরুত্বপূর্ণ অংশ ছিল,** সেই সাথে আলোচনা এবং জনসভা, পারফরম্যান্স এবং নাটক, ফটোগ্রাফি, চিত্র প্রদর্শনী, চলচ্চিত্র ও ডকুমেন্টারি এবং বিভিন্ন দেশ থেকে হাতে তৈরি গহনা, পোষাক অন্যান্য আইটেম সমন্বিত একটি বাজারের আয়োজন ছিল, যেখানে যে দেশগুলো যৌন সহিংসতা থেকে সার্ভাইভারদের দ্বারা প্রতিষ্ঠিত অর্থনৈতিক ক্ষমতায়ন প্রকল্পের অংশ ছিল, যেমন সোমালিয়া, ডিআরসি, কলম্বিয়া এবং আফগানিস্তানের সার্ভাইভাররা অংশগ্রহণ করে। ১৯,০০০ জন সাধারণ জনগণের সদস্য, সরকারী প্রতিনিধি এবং মন্ত্রীরা ফ্রিঞ্জের তিন দিন জুড়ে এই ইভেন্টগুলো পরিদর্শন করেছেন এবং অংশগ্রহণ করেছেন। |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | এই সপ্তাহব্যাপী ইভেন্টের মূল থিম এবং সুপারিশগুলো জবাবদিহিতা, সার্ভাইভারদের জন্য সমর্থন, নিরাপত্তা এবং বিচার খাতের সংস্কার এবং আন্তর্জাতিক সহযোগিতার উপর দৃষ্টি নিবদ্ধ করে। সার্ভাইভারদের জন্য সমর্থনের বিষয়ে সম্মেলনে নিম্নলিখিত প্রবণতাগুলোকে হাইলাইট করা হয়েছে (যদিও সার্ভাইভারদের নিজেদের কাছ থেকে নয়):<br><br>• পুনরায় ক্ষমতায়ন নিশ্চিত করতে এবং আরও ভিক্টিমাইজেশন এড়াতে সংঘাতে **যৌন সহিংসতার সাড়াদানের কেন্দ্রে সার্ভাইভারদের অবশ্যই থাকতে হবে।**<br>• **স্বীকার করুন যে এমন অনেক সার্ভাইভার থাকবেন যারা কম দৃশ্যমান এবং সহায়তা পেতে কম সক্ষম,** যার মধ্যে রয়েছে সংঘাত-সম্পর্কিত ধর্ষণের ফলে জন্ম নেয়া শিশু, মেয়ে শিশু সৈনিক যারা যোদ্ধাদের সাথে 'বিবাহিত' এবং আটক পুরুষ ও ছেলেরা যারা শাস্তি বা নির্যাতন হিসাবে ধর্ষিত হয়।<br>• **একটি নমনীয় এবং প্রতিক্রিয়াশীল পন্থার প্রয়োজন** কারণ কলঙ্ক সবার জন্য এক নয় এবং এর জন্য সাড়াদানের বিভিন্ন নীতি প্রয়োজন।<br>• **সার্ভাইভারদের সামগ্রিক এবং সমন্বিত সেবাগুলো গ্রহণ করা উচিত** যার মধ্যে রয়েছে সম্পূর্ণ প্রজনন স্বাস্থ্য অধিকার, মনো-সামাজিক সহায়তা, জীবিকা সহায়তা এবং আশ্রয়।<br>• **তৃণমূল সংস্থা এবং মহিলা গোষ্ঠীগুলোর জন্য উন্নত তহবিল** যারা প্রায়ই একটি সংকটে প্রথম প্রতিক্রিয়া প্রদান করে। পর্যাপ্ত দীর্ঘমেয়াদি তহবিল নিশ্চিত করুন যাতে এই গোষ্ঠীগুলোর যৌন সহিংসতার প্রতিক্রিয়া জানানোর মত সক্ষমতা এবং প্রশিক্ষণ থাকে।<br>• **সার্ভাইভাররা প্রায়ই উল্লেখ করেছেন যে ক্ষতিপূরণ তাদের পুনরুদ্ধারকে সমর্থন করার সবচেয়ে সার্ভাইভার-কেন্দ্রিক উপায়,** কিন্তু উল্লেখ্য যে এগুলো ন্যায় বিচারের উপায় হিসাবে কম ব্যবহার করা হয়। ক্ষতিপূরণ শুধু আর্থিক নয়, বরং মর্যাদা, সামাজিক অবস্থান এবং স্বাস্থ্যের পুনরুদ্ধার করা। ক্ষতিপূরণ সুলভ এবং দ্রুত হওয়া উচিত; প্রমাণ এবং নথির উপর নির্ভর করা উচিত নয়; যৌন সহিংসতার সার্ভাইভারদের সাথে অন্যান্য সার্ভাইভারদের মতোই আচরণ করা উচিত; গোপনীয় এবং, |



RESOURCE & SUPPORT HUB
UK International Development
Partnership | Progress | Prosperity

| | |
|---|---|
| | সর্বোপরি পরিবর্তনশীল হতে হবে। সার্ভাইভারদের তাদের ক্ষতিপূরণের পন্থা নির্ধারণে অংশগ্রহণ করা উচিত।[3] |
| **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | • **সামিট ইয়ুথ গ্রুপ তরুণ সার্ভাইভারদের নীতি অবহিত করার সুযোগ প্রদান করেছে।** বসনিয়া-হার্জেগোভিনা, কলম্বিয়া, ডিআরসি, ইরাক, কসোভো, লাইবেরিয়া, অধিকৃত ফিলিস্তিনি অঞ্চল এবং রুয়ান্ডা সহ সারা বিশ্ব থেকে ১৭-২৬ বছর বয়সী ২৬ জন যুব প্রতিনিধি এই সম্মেলনে অংশগ্রহণ করেছেন। তরুণ প্রতিনিধিরা পুরো সামিট জুড়ে অংশগ্রহণ করেন, বিশেষজ্ঞ এবং মন্ত্রী পর্যায়ের আলোচনায় অংশ নেন এবং সেইসাথে ফ্রিঞ্জ ইভেন্টগুলোতে অংশগ্রহণ করেন। গ্রুপের দুইজন প্রতিনিধি **চূড়ান্ত দিনে সামিটের পূর্ণাঙ্গ সেশনে তাদের নীতিগত সুপারিশের** সারসংক্ষেপ তুলে ধরেন। সামিটের পর গ্রুপটি তাদের নিজস্ব সামিট রিপোর্ট এবং টুলকিট প্রকাশ করেছে এবং সমস্যা সম্পর্কে সচেতনতা বাড়াতে তাদের নিজস্ব ওয়েব পেজ তৈরি করেছে: www.youth2esv.org। তারা তাদের নিজ দেশে এবং বিশ্বব্যাপী শিশু এবং তরুণদের বিরুদ্ধে যৌন সহিংসতা বন্ধের জন্য প্রচার চালিয়ে যাচ্ছে।<br>• **উচ্চ-স্তরের নীতিনির্ধারকদের সরাসরি সার্ভাইভারদের কাছ থেকে শোনার প্রভাব, যদিও তাদের গল্প পুনরায় বলার ক্ষেত্রে তাদের সম্ভাব্য পুনরুদ্ধার সম্পর্কে কিছু আশঙ্কা রয়েছে।** সামিটের একটি জার্নাল নিবন্ধে উল্লেখ করা হয়েছে যে সবচেয়ে শক্তিশালী সেশনের মধ্যে একটি ছিল মিনিস্ট্রিয়াল ডে'র রুদ্ধদ্বার সেশন যেখানে বিভিন্ন দেশের প্রতিনিধিদলের মন্ত্রীরা যৌন নিপীড়নের সার্ভাইভারদের কথা সরাসরি শুনেছিলেন: "তার দুর্দশার কথা শুনে আমাদের হৃদয় ভেঙে গিয়েছিল এবং আমরা মর্মাহত হয়েছিলাম, এই আনুষ্ঠানিক পরিবেশেও সে ভেঙে পড়েছিল... এটা ভেবে আমি দুঃখ পেয়েছি যে এই নারীকে তার সাথে ঘটে যাওয়া ঘটনার গুরুত্ব বোঝাতে তাকে এটি এই ধরনের শ্রোতাদেরকে পুনরায় বলতে হয়েছিল" (মার্টটাইন এবং সোয়েইন, ২০১৫: ৪৯৮-৯)। |
| **সূত্র** | FCO (2014) *Summit Report The Global Summit to End Sexual Violence in Conflict, London 2014* https://assets.publishing.service.gov.uk/government/uploads/system/uploads/attachment_data/file/390742/PSVI_post_summit_report_Online2.pdf<br>Myrttine, H and Swaine, A (2015) 'Monster Myths, Selfies and Grand Declarations', *International Feminist Journal of Politics*, 2015 Vol. 17, No. 3, 496– 502 |

[3]ইউএন উইমেন এবং মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের কার্যালয় সংঘাত-সম্পর্কিত যৌন সহিংসতার প্রতিদান সংক্রান্ত জাতিসংঘ মহাসচিবের নির্দেশিকা নোট চালু করেছে, যা সংঘাতের ভিক্টিমদের জন্য ক্ষতিপূরণের এবং বাস্তবায়নের জন্য জেন্ডার-সংবেদনশীল পন্থার প্রচারের নীলনকশা।

| কমিশন অন দ্য স্ট্যাটাস অব উইমেন (সিএসডব্লিউ) (চলমান) | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | **বৈশ্বিক** |
| **বিবরণ** | কমিশন অন দ্য স্ট্যাটাস অফ উইমেন (সিএসডব্লিউ) হলো বিশ্বব্যাপী প্রধান আন্তঃসরকারি সংস্থা যা জেন্ডার সমতা এবং নারীর ক্ষমতায়নের জন্য পুরোপুরি নিবেদিত। সার্ভাইভাররা বিভিন্ন সিএসডব্লিউতে ভূমিকা পালন করেছেন। প্রতি বছর, সিএসডব্লিউ নিউইয়র্কে জাতিসংঘের সদস্য রাষ্ট্র, সুশীল সমাজ সংস্থা এবং জাতিসংঘের সংস্থার প্রতিনিধিদের সাথে মিলিত হয়।<br><br>গত কয়েক বছর ধরে, **সার্ভাইভাররা সহিংসতা, শোষণ এবং অপব্যবহার সম্পর্কিত বিভিন্ন থিমে সিএসডব্লিউতে নিযুক্ত হয়েছেন**, বিশেষ করে ২০১৩ সিএসডব্লিউ ৫৭ যা নারীদের বিরুদ্ধে সহিংসতার (ভিএডব্লিউ) ওপর আলোকপাত করেছিল।<br><br>• ২০১৩ সালের সিএসডব্লিউ-এর প্রস্তুতিতে সার্ভাইভাররা সম্পৃক্ত ছিল, যার মধ্যে ২০১২ সালের ডিসেম্বরের একটি **সার্ভাইভার ফোরাম** ভিএডব্লিউর অবসান ঘটানোর জন্য আইন প্রণয়ন ও নীতি সংস্কারের প্রচার আলোচনা করেছিল।<br><br>• ২০১৩ সালে, কোয়ালিশন অ্যাগেইনস্ট ট্রাফিকিং ইন উইমেন (সিএটিডব্লিউ) **সিএসডব্লিউতে যৌন পাচার এবং পতিতাবৃত্তি থেকে সার্ভাইভারদের জন্য প্রথম প্যানেলের আয়োজন করেছিল**, যার শিরোনাম ছিল 'সার্ভাইভাররা কথা বলো': পতিতাবৃত্তি এবং যৌন পাচার'।[4]<br><br>• ২০১৬ সালে, **নারী যৌনাঙ্গ ছেদনের মত ক্ষতিকারক প্রথার সার্ভাইভাররা** জাতিসংঘের সাধারণ পরিষদ হলে এবং বিভিন্ন অনুষ্ঠানে তাদের অভিজ্ঞতা শেয়ার করেছেন।<br><br>• সার্ভাইভাররা বছরের পর বছর ধরে **বিভিন্ন সাইড ইভেন্টেও কথা বলেছে**, যার মধ্যে সাম্প্রতিককালে ২০১৮ সালে পাচারের সার্ভাইভাররা একটি প্যানেল ইভেন্ট '#MeToo Say Survivors'-এ কথা বলেছেন: হিউম্যান রাইটস, বিভিন্ন দাতা প্রতিষ্ঠান, জাতিসংঘ এবং সুশীল সমাজ সংস্থার সমন্বয়ে জেন্ডার অ্যান্ড ট্রাফিকিং ইন হিউম্যান বিয়িংস'।[5] |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | বছরের পর বছর ধরে, সার্ভাইভাররা সিএসডব্লিউতে বিভিন্ন অগ্রাধিকার হাইলাইট করেছে যার মধ্যে রয়েছে:<br><br>• **সার্ভাইভার এবং সার্ভাইভারদের গোষ্ঠীর** অভিজ্ঞতা শুনতে, চ্যালেঞ্জ এবং ভাল অনুশীলন করার জন্য শোনা।<br><br>• সহিংসতা, অপব্যবহার এবং শোষণের ঝুঁকির কারণ মোকাবেলায় **প্রতিরোধের গুরুত্ব।**<br><br>• **সহিংসতা থেকে সার্ভাইভারদের সহায়তার বিধান,** যার মধ্যে মাল্টি-সেক্টরাল সেবা এবং সার্ভাইভারদের জন্য প্রোগ্রাম, এবং স্বাস্থ্য, মনস্তাত্ত্বিক সহায়তা এবং কাউন্সেলিং, স্বল্প এবং দীর্ঘমেয়াদি সামাজিক সহায়তা।<br><br>• জবাবদিহিতা এবং প্রতিকারের **কার্যকর ব্যবস্থা।**<br><br>• কার্যকর বাস্তবায়ন এবং সার্ভাইভারদের সুরক্ষা নিশ্চিত করতে **আইন প্রণয়ন এবং ফৌজদারি বিচার ব্যবস্থার উন্নতি।**<br><br>• সহিংসতা মোকাবেলায় কাজ করা সার্ভাইভার গোষ্ঠীদের **তহবিল সরবরাহ করা চালিয়ে যাওয়া।** |

[4]ভিডিও: https://www.youtube.com/watch?v=RLqz2jC0QgE

[5]অর্গানাইজেশন ফর সিকিউরিটি অ্যান্ড কো-অপারেশন ইন ইউরোপ (ওএসসিই), অফিস ফর ডেমোক্রেটিক ইনস্টিটিউশনস অ্যান্ড হিউম্যান রাইটস, ইউনাইটেড নেশনস অফিস অন ড্রাগস অ্যান্ড ক্রাইম, ইউএন উইমেন, কোয়ালিশন অ্যাগেনস্ট ট্রাফিকিং ইন উইমেন, এবং ইকুয়ালিটি নাও দ্বারা আয়োজিত।

| | |
|---|---|
| **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | • কোনও তথ্য উন্মুক্ত নয় |
| **সূত্র** | Commission on the Status of Women http://www.unwomen.org/en/csw |

| **জোরপূর্বক বিবাহ** | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | **জোরপূর্বক বিবাহ ইউনিট** (যৌথ এফসিও / হোম অফিস ইউনিট) |
| **বিবরণ** | সরকারের জোরপূর্বক বিবাহ নীতি, প্রচার এবং কেসওয়ার্কের নেতৃত্ব দেওয়ার জন্য ২০০৫ সালে ফোর্সড ম্যারেজ ইউনিট গঠন করা হয়েছিল। জোরপূর্বক বিবাহের শিকার ব্যক্তিদের পরামর্শ ও সহায়তা প্রদানের জন্য একটি পাবলিক হেল্পলাইন পরিচালনা করার পাশাপাশি এবং তাদের ঘটনা মোকাবেলা করা পেশাদারদের জন্য, **এটি বিভিন্ন উপায়ে সার্ভাইভারদের সম্পৃক্ত করেছে:**<br>• কার্মা নির্ভানায় (সম্মান-ভিত্তিক নিপীড়ন এবং জোরপূর্বক বিবাহ থেকে সার্ভাইভার ব্যক্তিদের সমর্থনকারী একটি ব্রিটিশ দাতব্য সংস্থা) রয়েছে **'সার্ভাইভার অ্যাম্বাসেডর রিজিওনাল প্যানেল'** যা জোরপূর্বক বিবাহের অন্তর্দৃষ্টি প্রদান করে এবং যুক্তরাজ্য সরকারের চিন্তাভাবনা এবং নীতি প্রণয়ন প্রভাবিত করে<br>• **'জোরপূর্বক বিবাহ'**-এর বিকাশ: **সার্ভাইভারদের একটি হ্যান্ডবুক',** যা সহায়তা সংস্থাসহ সার্ভাইভারদের জন্য ব্যবহারিক তথ্য প্রদান করে<br>• বিদেশে কর্মশালা সহ **মিডিয়া এবং সচেতনতা বৃদ্ধির প্রচারে** সার্ভাইভারদের সম্পৃক্ত করা। |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | জোরপূর্বক বিবাহ থেকে সার্ভাইভাররা, এবং সার্ভাইভারদের সাথে কাজ করা সংস্থাগুলো, [6]সরকারী নীতির জন্য বেশ কয়েকটি অগ্রাধিকার ব্যক্ত করেছে:<br>• **আইন প্রণয়ন এবং আইনের কার্যকর বাস্তবায়ন** - অনেক সার্ভাইভার দল জোরপূর্বক বিবাহ নিষিদ্ধ করার আইন প্রণয়নের জন্য শক্তিশালী লবিং করেছে। ২০১৪ সালে, এন্টি সোশাল বিহেভিয়ার ক্রাইম এন্ড পুলিশিং এক্ট আইনকাউকে বিয়ে করার জন্য বিদেশে নিয়ে যাওয়াসহ কাউকে বিয়ে করতে বাধ্য করাকে একটি ফৌজদারি অপরাধ ঘোষণা করেছে, কিন্তু আজ পর্যন্ত খুব কম বিচার হয়েছে।<br>• জোরপূর্বক বিবাহকে একটি সাংস্কৃতিক অনুশীলন হিসাবে না ধরে **আধুনিক সময়ের দাসত্বের একটি রূপ হিসাবে স্বীকৃতি দেয়া উচিৎ।** সার্ভাইভারদের সংগঠন এবং সার্ভাইভাররা যুক্তরাজ্য সরকারের প্রতি জোরপূর্বক বিবাহকে আধুনিক দাসত্বের একটি রূপ হিসেবে স্বীকৃতি দেওয়ার আহ্বান জানিয়েছে।[7]<br>• **সঠিকভাবে সংস্থাগুলোকে অর্থায়ন করুন যারা** সার্ভাইভার এবং সম্ভাব্য ভিক্টিমদের সহায়তা প্রদান করে।<br>• জোরপূর্বক বিবাহ, আইন এবং কোথায় সাহায্য পেতে হবে তা বোঝার জন্য **কার্যকর জনসচেতনতামূলক প্রচারণা চালান।** |

[6] যেমন, http://ikwro.org.uk/forced-marriage-campaign/

[7] Summers, H (2018) 'Beatings, rape, and non-stop work: UK women enslaved in forced marriages', The Guardian, 28 May 2018. https://www.theguardian.com/global-development/2018/may/28/beatings-rape-non-stop-work-uk-women-enslaved-forced-marriages



RESOURCE & SUPPORT HUB
UK International Development
Partnership | Progress | Prosperity

| | |
|---|---|
| | • **প্রতিরোধ প্রোগ্রামিং,** যেমন জাতীয় পাঠ্যক্রমে জোরপূর্বক বিবাহ সম্পর্কে বাধ্যতামূলক শিক্ষা অন্তর্ভুক্ত করা।<br>• **পেশাদারদের সাড়াদান উন্নত করা,** পুলিশ, শিক্ষক, স্বাস্থ্য পেশাদার, সমাজকর্মী এবং আইনজীবীদের তাদের কর্মজীবনের শুরুতে এবং রিফ্রেশার প্রশিক্ষণে জোরপূর্বক বিবাহ সম্পর্কে কার্যকর প্রশিক্ষণ প্রদান করা। |
| **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | • কোনও তথ্য উন্মুক্ত নয় |
| **সূত্র** | Forced Marriage Unit: https://www.gov.uk/guidance/forced-marriage |

| **আন্তর্জাতিক সাহায্য খাতে এসইএএইচ: ডিএফআইডি পরিচালিত শোনার অনুশীলন (২০১৮)** | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | আন্তর্জাতিক উন্নয়ন বিভাগ (ডিএফআইডি) |
| **বিবরণ** | ২০১৮ সালে, ডিএফআইডি আন্তর্জাতিক সাহায্য সেক্টরে যৌন শোষণ ও নির্যাতন এবং যৌন হয়রানি-এর সার্ভাইভারদের প্রতিনিধিত্বকারী দক্ষিণী এবং আন্তর্জাতিক সংস্থার সাথে একটি টার্গেটেড লিসেনিং চর্চা পরিচালনা করে। এতে নারী, শিশু, প্রতিবন্ধী ব্যক্তি, আন্তর্জাতিক এনজিও, থিঙ্ক ট্যাঙ্ক, গবেষণা প্রতিষ্ঠান, শিক্ষাবিদ এবং স্বাধীন বিশেষজ্ঞদের প্রতিনিধিত্বকারী তৃণমূল সংগঠন অন্তর্ভুক্ত ছিল। শোনার অনুশীলনটি এসইএএইচ রিপোর্ট করার বাধা, রিপোর্টিং প্রক্রিয়া এবং সিস্টেম এবং ভিক্টিম এবং সার্ভাইভার সহায়তার উপর দৃষ্টি নিবদ্ধ করে। |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | সার্ভাইভাররা বেশ কিছু প্রয়োজন এবং অগ্রাধিকার চিহ্নিত করেছে, যার মধ্যে রয়েছে:<br>• **ভিক্টিম এবং সার্ভাইভার সহায়তার সামগ্রিক প্যাকেজ,** যার মধ্যে রয়েছে স্বাস্থ্য, কাউন্সেলিং এবং মনোসামাজিক সহায়তা, সেইসাথে সমবেদনা, স্বীকৃতি, আর্থিক সহায়তা এবং ন্যায় বিচারের প্রাপ্তি<br>• **দৃঢ় নেতৃত্বের সাথে প্রাতিষ্ঠানিক সংস্কৃতির পরিবর্তন** এবং যৌন শোষণ ও নির্যাতন এবং যৌন হয়রানির প্রতি জিরো-টলারেন্স পন্থা, বিশেষ করে মানবিক পরিস্থিতিতে<br>• **অন্তর্ভুক্তিমূলক রিপোর্টিং ব্যবস্থার প্রয়োজন** যা শিশু, যুবক, নিম্ন স্বাক্ষরতার স্তরের মানুষ এবং প্রতিবন্ধী ব্যক্তিদের (মানসিক স্বাস্থ্য, মনোসামাজিক এবং বুদ্ধিবৃত্তিক অক্ষমতা সহ) মত কথা বলতে অক্ষম মানুষকে আরও প্রান্তিক করে না। |
| **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | • **সম্পৃক্ত গোষ্ঠীগুলো যারা সার্ভাইভারদের প্রতিনিধিত্ব করে** তারা আরও ক্ষতি করার ঝুঁকি কমাতে সাহায্য করতে পারে কারণ সার্ভাইভাররা তাদের অভিজ্ঞতাগুলোকে বলতে গিয়ে পুনরায় আঘাত পায় না।<br>• প্রতিবন্ধী ব্যক্তি, শিশু এবং যুবকদের প্রতিনিধিত্বকারী গোষ্ঠীগুলো সহ সার্ভাইভারদের **একটি বৈচিত্র্যমণ্ডিত পরিসরে সম্পৃক্ত করুন।**<br>• **রাজনৈতিক আবহাওয়া এবং প্রাতিষ্ঠানিক সংবেদনশীলতা সম্পর্কে সচেতন থাকুন।** ডিএফআইডির নেতৃত্বে শোনার অনুশীলনটি এনজিও এবং অন্যান্য সাহায্য সংস্থাগুলোর সেফগার্ডিং |



RESOURCE & SUPPORT HUB
UK International Development
Partnership | Progress | Prosperity

| | |
|---|---|
| | সাড়াদান নিয়ে তীব্র মিডিয়া যাচাই-বাছাই সময়ে হয়েছিল, তাই কিছু লোক যারা অনুশীলনে অংশ নিয়েছিল তারা পরিণতির ভয়ে তাদের আশঙ্কাগুলো শেয়ার করতে অনিচ্ছুক ছিল।<br>• **সুপারিশ তৈরিতে সার্ভাইভারদের (বা তাদের প্রতিনিধিদের) সম্পৃক্ত করুন।** ডিএফআইডি পরিচালিত শোনার অনুশীলনটি চূড়ান্ত রিপোর্ট করার জন্য অনুসন্ধান এবং সুপারিশ তৈরিতে অংশগ্রহণকারীদের সম্পৃক্ত করেছিল। |
| **সূত্র** | DFID (2018) SEAH in the international aid sector: Victim and survivor voices, A DFID-led listening exercise, London: DFID. https://www.gov.uk/government/publications/sexual-exploitation-abuse-and-harassment-in-the-aid-sector-victim-and-survivor-voices-listening-exercise/sexual-exploitation-abuse-and-harassment-in-the-aid-sector-victim-and-survivor-listening-exercise |

| স্ট্যান্ড স্পিক রাইজ আপ! ভঙ্গুর পরিবেশে যৌন সহিংসতা বন্ধ করা(২০১৯-চলমান) | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | স্ট্যান্ড স্পিক রাইজ আপ! (এসএসআরইউ), উইমেন্স ফোরাম ফর দ্যা ইকোনমি এন্ড সোসাইটি এবং অলাভজনক সংস্থাগুলোর অংশীদারিত্বে: ড. ডেনিস মুকওয়েগে ফাউন্ডেশন এবং উইআরনটউইপন্সঅবওয়ার (ডব্লিউডব্লিউওডব্লিউ) |
| **বিবরণ** | ২০১৯ সালের সেপ্টেম্বরে, ভঙ্গুর পরিবেশে যৌন সহিংসতা বন্ধ করার বিষয়ে প্রথম আন্তর্জাতিক ফোরাম লুক্সেমবার্গে অনুষ্ঠিত হয়েছিল। লুক্সেমবার্গের গ্র্যান্ড ডাচেস সংস্থাটি গঠন করেছিলেন। এটি যৌন সহিংসতা সার্ভাইভারদের জন্য একটি 'মেগাফোন' হিসাবে কাজ করার লক্ষ্যে সার্ভাইভার এবং আন্তর্জাতিক বিশেষজ্ঞ উভয়ের জন্য নির্দিষ্ট থিমের উপর নিয়মিত বৈঠকের আয়োজন করে। ২০২১ সালে একটি ফলো-আপ ফোরাম অনুষ্ঠিত হবে, যার লক্ষ্য হল সার্ভাইভারদের সিস্টেমের কেন্দ্রবিন্দুতে রাখা এবং সমাধান প্রদান করা। |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | সার্ভাইভারদের নিয়ে ২০১৯ ফোরাম নিম্নলিখিত প্রয়োজন এবং অগ্রাধিকারের উপর দৃষ্টি নিবদ্ধ করে:<br>• মন এবং শরীর নিরাময়<br>• সার্ভাইভারদের জন্য কলঙ্কের অবসান<br>• ন্যায় বিচারের জন্য একত্রিত ব্যবস্থা<br>• ক্ষতি মোচন করা<br>• সার্ভাইভারদের জন্য অর্থ ও প্রযুক্তির উন্নয়ন সাধন করা<br>• ধর্ষণের ফলে জন্ম নেয়া শিশুদের অন্তর্ভুক্তি বাড়ানো<br>সার্ভাইভাররা জাতীয় ও আন্তর্জাতিক সংগঠন এবং নাগরিক সমাজের প্রতিনিধিদের উদ্দেশ্যে একটি আহ্বানে নেতৃত্ব দিয়েছেন, যেখানে তারা সার্ভাইভারদের পাশে দাঁড়ানো, তাদের উদ্দেশ্যকে সমর্থন করা এবং তাদের ক্ষমতায়ন করার আহ্বান জানিয়েছেন। সম্মত অগ্রাধিকার ছিল ভঙ্গুর পরিবেশে যৌন সহিংসতার অপরাধের অপরাধীদের এবং আদেশদাতাদের দায় মুক্তির অবসান ঘটানো। |
| **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | • **সার্ভাইভারদের কথা বলতে দিন এবং বলার একটি মঞ্চ দিন:** ফোরামে ৫০টির বেশি সার্ভাইভারের সাক্ষ্য শোনা হয়েছিল যাতে সার্ভাইভারদের কথা শোনার মত সময় দেওয়া যায় এবং সমাধানগুলো তৈরির প্রক্রিয়ায় তাদের সম্পৃক্ত করা যায়।<br>• **নিরাময়ের জন্য কর্মশালার স্থান অন্তর্ভুক্ত করুন:** ফোরামে নৃত্য থেরাপি এবং ক্রীড়া থেরাপি সহ সম্পৃক্ত সার্ভাইভারদের জন্য ঘন্টাব্যাপী ইন্টারেক্টিভ ওয়ার্কশপ অন্তর্ভুক্ত ছিল যাতে শরীর, মন এবং আত্মা নিরাময়ের জন্য নতুন কিছু কৌশল শেখা যায়। এতে 'শারীরিক নিরাময়' এবং 'মানসিক নিরাময়'-এর সেশনও অন্তর্ভুক্ত ছিল।<br>• **উদ্ভাবনী অর্থায়ন ব্যবস্থাকে উৎসাহিত করার জন্য যেখানে প্রয়োজন সেখানে বেসরকারি খাতকে সম্পৃক্ত করুন:** আর্থিক উদ্ভাবন এবং নতুন প্রযুক্তি কীভাবে সার্ভাইভারদের ক্ষমতায়ন করতে এবং তাদের চাহিদা এবং অগ্রাধিকারগুলোকে সমাধান করতে সাহায্য করতে পারে তা অন্বেষণ করতে ২০১৯ ফোরামটি আর্থিক এবং ডিজিটাল খাতকে সম্পৃক্ত করে। |
| **সূত্র** | https://standspeakriseup.lu/about |

| জেন্ডার ভিত্তিক সহিংসতা দ্বারা প্রভাবিত নারী এবং মেয়েদের কথা শোনার জন্য সার্ভাইভারদের পরামর্শ (২০১৮) | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | লন্ডনের মেয়র |
| **বিবরণ** | লন্ডনের ভিএডব্লিউজি কৌশল তৈরি করার সময় সার্ভাইভারদের দৃষ্টিভঙ্গি সামনে এবং কেন্দ্রে থাকে তা নিশ্চিত করার জন্য লন্ডনের মেয়রের লন্ডনব্যাপী কৌশলের অংশ হিসাবে ২০১৭ সালে সার্ভাইভারদের একটি মন্ত্রণাসভা অনুষ্ঠিত হয়েছিল। এই মন্ত্রণা সভার অংশ হিসাবে, সহিংসতা ও নিপীড়নের ১৩৩ জন সার্ভাইভারের ১৫টি ফোকাস গ্রুপ গঠন করা হয়েছে এবং ১৯টি ওয়ান টু ওয়ান সাক্ষাৎকার নেয়া হয়েছে। এছাড়া, ৮৭ জন সার্ভাইভার একটি অনলাইন জরিপে অংশ নিয়েছিলেন। প্রতিক্রিয়া এবং সুপারিশগুলো যথাযথভাবে গ্রহন করা নিশ্চিত করার জন্য ভিক্টিমস কমিশনার এবং সার্ভাইভারদের সাথে চূড়ান্ত সার্ভাইভার গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত হয়েছিল। |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | সার্ভাইভাররা নিম্নলিখিত সুপারিশ করেছেন:<br>• **নারী ও মেয়েদের প্রতি সহিংসতা সার্ভাইভারদের জন্য টেকসই সুলভ স্থানীয় সেবা দিন**, যাতে আছে অন্তর্ভুক্তিমূলক, সংবেদনশীল, স্বাধীনভাবে নিয়ন্ত্রিত এবং নিবেদিত এবং বিশেষজ্ঞ সেবা।<br>• **সার্ভাইভারদের সময়োপোযোগী এবং কার্যকর কাউন্সেলিং** এবং থেরাপিউটিক সহায়তা প্রদান করুন।<br>• **স্বাধীন, নারীদের দল এবং সহকর্মী সমর্থন সহায়তা** যা বিচ্ছিন্নতা হ্রাস করে এবং আত্মবিশ্বাস, মর্যাদা এবং ক্ষমতায়ন বাড়ায়।<br>• ভিএডব্লিউজি-এর সমস্ত দিকগুলো যা সার্ভাইভারদের অভিজ্ঞতা দ্বারা সমৃদ্ধ হয় সেগুলোর ওপর চলমান প্রশিক্ষণ এবং উন্নয়নের জন্য **সমস্ত কমিশনপ্রাপ্ত সেবাগুলোর** প্রাপ্যতা **নিশ্চিত করুন।**<br>• লন্ডন-ব্যাপী মিডিয়া এবং প্রচার প্রচারণার মাধ্যমে সার্ভাইভারদের মধ্যে নারী ও মেয়েদের প্রতি সহিংসতা সম্পর্কে **সচেতনতা এবং তথ্যের প্রাপ্যতার উন্নতি করুন।**<br>• **সাংস্কৃতিক পরিবর্তন** - নারী ও মেয়েদের প্রতি সহিংসতা প্রতিরোধ করার জন্য স্কুল এবং সম্প্রদায়ে কাজ এবং সচেতনতা বৃদ্ধির ওপর বেশি জোর দেওয়া।<br>• **ফৌজদারি বিচার, দেওয়ানি আদালত এবং সংবিধিবদ্ধ অংশীদার প্রক্রিয়া উন্নত করুন।**<br>• পুলিশ, ফৌজদারি বিচার ব্যবস্থা এবং অন্যান্য অংশীদারদের সাথে কাজ করে **অপরাধীদের পুনরাবৃত্তিমূলক আচরণ বন্ধ করুন** |
| **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | • **সার্ভাইভার কণ্ঠস্বরের বিভিন্ন পরিসরে সম্পৃক্ত থাকুন:** মন্ত্রণা সভার নেতৃত্বে ছিল ইমকান, নারীদের একটি স্থানীয় বিএমই দাতব্য সংস্থা এবং এতে বিএমই নারী ও মেয়েরা এবং যারা জোরপূর্বক বিবাহ, মর্যাদা-ভিত্তিক সহিংসতা এবং/অথবা নারী যৌনাঙ্গ ছেদনের সম্মুখীন হয়েছে, তারাও ছিলেন। মন্ত্রণা সভায় বয়স্ক নারী, প্রতিবন্ধী নারী, কৃষ্ণাঙ্গ এবং জাতিগত সংখ্যালঘু নারী, পতিতাবৃত্তিতে জড়িত নারী, পাচার হওয়া নারী, এলজিবিটি ব্যক্তি এবং নানামুখী ও পরস্পর সংযুক্ত প্রয়োজন সম্পন্ন নারীসহ সার্ভাইভারদের নির্দিষ্ট গোষ্ঠীগুলোর দিকেও মনোযোগ দেওয়া হয়েছিল।<br>• **সার্ভাইভার সংস্থাগুলোকে সম্পৃক্ত করুন যারা সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য একটি নিরাপদ এবং বন্ধুত্বপূর্ণ পরিবেশ দিতে পারে** এবং সেইসাথে অংশগ্রহন করার জন্য অতীত এবং সাম্প্রতিক সার্ভাইভারদের সাথে যোগাযোগ করতে সহায়তা করতে পারে। |



RESOURCE & SUPPORT HUB
UK International Development
Partnership | Progress | Prosperity

| | |
|---|---|
| | • **সুপারিশগুলো উপযুক্ত তা নিশ্চিত করার জন্য সার্ভাইভারদের গোলটেবিল একটি কার্যকর উপায় হতে পারে:** চূড়ান্ত গোলটেবিলটি এটা নিশ্চিত করার জন্য গুরুত্বপূর্ণ ছিল যে সার্ভাইভাররা প্রস্তাবিত সুপারিশগুলোর সাথে একমত হয়েছেন এবং তাদের কন্ঠস্বর অন্তর্ভুক্ত করা হয়েছে। |
| **সূত্র** | লন্ডনের মেয়রের (২০১৮) সার্ভাইভারস কনসালটেশন: Listening to Women and Girls Affected by GBV https://www.london.gov.uk/sites/default/files/mopac_survivors_consultation.pdf |

| **প্রাতিষ্ঠানিক নিপীড়নের সার্ভাইভারদের সাথে পরামর্শ (যুক্তরাজ্য এবং আয়ারল্যান্ড) (২০১৯)** | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | শিক্ষা ও দক্ষতা বিভাগ |
| **বিবরণ** | ২০১৯ সালে ডিপার্টমেন্ট অফ এডুকেশন অ্যান্ড স্কিলস যুক্তরাজ্য এবং আয়ারল্যান্ডে শিশুদের আবাসিক প্রতিষ্ঠানে নির্যাতন থেকে সার্ভাইভারদের জন্য সুযোগ, পরিকল্পনা এবং মন্ত্রণাসভা অনুষ্ঠানের জন্য একটি সার্ভাইভার নেতৃত্বাধীন পরামর্শ গ্রুপ গঠন করেছে। সার্ভাইভারদের সম্পৃক্ত করার পদ্ধতির মধ্যে রয়েছে টেলিফোন কথোপকথন, ব্যক্তিগত এবং গ্রুপ মিটিং এবং ইমেইলের মাধ্যমে পরামর্শ। মোট ১০০ জনেরও বেশি সার্ভাইভার এই প্রক্রিয়ায় সম্পৃক্ত ছিল। পরামর্শসভায় নিরাপদে কথা বলা উত্সাহিত করার জন্য 'পুনরুদ্ধার সার্কেল' সহ একটি 'পুনরুদ্ধারমূলক' পন্থা গ্রহণ করা হয়েছিল। |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | যুক্তরাজ্য এবং আয়ারল্যান্ড উভয়ের পরামর্শ প্রক্রিয়ায় সার্ভাইভারদের জন্য প্রধান চাহিদা এবং অগ্রাধিকার ছিল **স্বাস্থ্য, মৃত্যুকালীন পরিচর্যা, আবাসন, সামাজিক সহায়তা এবং অর্থ।** সার্ভাইভাররা হাসপাতালে যেতে এবং তাদের জীবনের শেষ দিকে এরকম প্রতিষ্ঠানে যেতে বাধ্য করাকে ভয় পায়। সার্ভাইভারদের দ্বারা ব্যক্ত কিছু অগ্রাধিকারের উদাহরণ হলো:<br>• সার্ভাইভারদের জন্য **নির্দিষ্ট ড্রপ-ইন কেন্দ্র বা গোপনীয় স্থান**, যেখানে তারা মিলিত হতে পারেন এবং সেখানে কর্মীরা সার্ভাইভারদের প্রয়োজনগুলো বুঝতে পারেন।<br>• যতক্ষণ তারা চান ততক্ষণ পর্যন্ত সার্ভাইভারদের জন্য **বিনামূল্যে সীমাহীন কাউন্সেলিং সেবা।**<br>• **সার্ভাইভারদের স্মরণ করার জন্য স্বীকৃতি এবং স্মারক** এবং তীব্র বর্ণবাদের শিকার মিশ্র-জাতির সার্ভাইভারদের স্বীকৃতি।<br>• **সার্ভাইভারদের রেকর্ড এবং ফাইলের সহজলভ্যতা।** |
| **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | • **জরুরি তথ্য প্রদান করে এবং অবগত সম্মতি চাওয়ার মাধ্যমে সার্ভাইভারদের প্রক্রিয়ায় সম্পৃক্ত হওয়ার জন্য প্রস্তুত করুন:** সার্ভাইভারদের যারা তাদের আগ্রহ প্রকাশ করতে এবং যোগাযোগের অনুমতি দেওয়ার জন্য বিভাগের সাথে যোগাযোগ করেছিল, পরামর্শ প্রক্রিয়ায় সবার আগে তাদের ইমেইল করা এবং/অথবা টেলিফোন করা হয়। সার্ভাইভার পরিচালিত কনসালটেশন গ্রুপ সার্ভাইভারদের দীর্ঘ টেলিফোন কল করেছে যাতে তারা অংশগ্রহণ করতে চায় - যারা প্রাথমিকভাবে আগ্রহ প্রকাশ করেছিল, তাদের মাত্র ২% পরামর্শসভায় অংশ নিতে চায়নি।<br>• **'পুনরুদ্ধারমূলক পন্থা' বিবেচনা করুন** যা কথা বলা, সম্পর্ক তৈরি করা, ক্ষতি চিহ্নিত করা, ক্ষতির প্রভাব, ক্ষতি থেকে উদ্ভূত চাহিদার গুরুত্ব এবং ক্ষতি মোচনের চেষ্টা করার দিকে নজর দেয়।<br>• **পুনরুদ্ধার সার্কেলগুলো সার্ভাইভারদের একটি নিরাপদ স্থানে তাদের কথা শেয়ার করতে সাহায্য করে,** কিছু সার্বজনীন মূল নীতি মেনে এবং একটি টকিং পিস দিয়ে যা বারবার সবাই ব্যবহার করে। টকিং পিস ধারণকারী ব্যক্তি বক্তা হন এবং যেকোনো প্রশ্নের উত্তর দেন, তবে কথা বলার কোনো বাধ্যবাধকতা নেই এবং যে কেউ এটি হস্তান্তর করতে পারেন বা নীরবতা বজায় রাখতে পারেন। |



RESOURCE & SUPPORT HUB
UK International Development
Partnership | Progress | Prosperity

| | |
|---|---|
| | • **সার্ভাইভারদেরকে যেকোনো প্রক্রিয়ার কেন্দ্রস্থলে রাখা উচিত, এবং এই প্রক্রিয়াটি কেবল তাদের জন্য নয় বরং তাদের সঙ্গে নিয়ে সম্পন্ন করা উচিত** – সার্ভাইভাররা 'আমাদের ব্যাপারে আমাদের ছাড়া কিছু না' এই উক্তিটি ব্যবহার করেছেন। |
| **সূত্র** | Walshe, B and O'Connell (2019) Consultations with Survivors of Institutional Abuse on Themes and Issues to be addressed by a Survivor Led Consultation Group. https://www.education.ie/en/Publications/Education-Reports/consultations-with-survivors-of-institutional-abuse-on-themes-and-issues-to-be-addressed-by-a-survivor-led-consultation-group.pdf |



RESOURCE & SUPPORT HUB
UK International Development
Partnership | Progress | Prosperity

| সত্য ও মর্যাদার জন্য ভয়েস - ইউরোপীয় ক্রীড়াঙ্গনে যৌন সহিংসতার বিরুদ্ধে লড়াই (২০১৬-২০১৮) | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | ইউরোপীয় ইউনিয়ন দ্বারা অর্থায়িত এবং জার্মান স্পোর্ট ইউনিভার্সিটি কোলন দ্বারা সমন্বিত |
| **বিবরণ** | ভয়েসেস প্রকল্প ক্রীড়া সম্প্রদায়ের নীতি এবং উদ্যোগগুলোকে অবহিত করার লক্ষ্যে খেলাধুলায় সম্পৃক্ত শিশু এসইএ সার্ভাইভারদের সাক্ষ্য সংগ্রহ করেছে। এখানে ইউরোপের আটটি দেশে (যুক্তরাজ্য, জার্মানি, বেলজিয়াম, স্পেন, ডেনমার্ক, অস্ট্রিয়া, স্লোভেনিয়া এবং আয়ারল্যান্ড) ক্রীড়াঙ্গনে যৌন সহিংসতার শিকার হওয়া ৭২ জন সার্ভাইভারকে নিয়ে একটি গবেষণা সমীক্ষা অন্তর্ভুক্ত ছিল। একটি খেলা বা স্কুল-ক্রীড়া পরিবেশে যৌন শোষণ ও নির্যাতনের অভিজ্ঞতার প্রতি বিশেষ ফোকাস রেখে সার্ভাইভারদের 'জীবনের ইতিহাস' নিয়ে সাক্ষাৎকার নেয়া হয়েছিল। গবেষণাটি শেষ হওয়ার পর, ক্রীড়া সম্প্রদায়ের মধ্যে সার্ভাইভার এবং মূল স্টেকহোল্ডারদের সাথে 'স্বীকৃতি ফোরাম' অনুষ্ঠিত হয়েছিল, তারপরে উত্তম অনুশীলন শেয়ার করতে এবং নেটওয়ার্ক তৈরির জন্য বহুজাতিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছিল। |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | সার্ভাইভারদের দ্বারা ব্যক্ত কিছু প্রয়োজন ও অগ্রাধিকারের উদাহরণ হলো:<br>• **ক্রীড়া প্রেক্ষাপট উন্মুক্ত এবং স্বচ্ছ হওয়া উচিত** যাতে সার্ভাইভাররা সহজেই যৌন শোষণ ও নির্যাতন রিপোর্ট করতে পারে এবং প্রাপ্তবয়স্করা সতর্কতা সংকেত সম্পর্কে সচেতন থাকে।<br>• ক্রীড়াঙ্গনে যৌন শোষণ ও নির্যাতন প্রতিরোধ করার জন্য **স্পষ্ট মান ও আচরণ বিধি।**<br>• **ক্রীড়াঙ্গনে শিশুদের অধিকারকে মূলধারায় আনয়ন করা** যাতে ক্রীড়া সম্প্রদায় শিশুদেরকে তারা কে হতে পারে-র থেকে বেশি তারা কে-র জন্য মূল্যায়ন করে। |
| **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | • **বিশেষজ্ঞ সহায়তা সেবাগুলোতে অ্যাক্সেস প্রদান করুন:** প্রকল্পটিতে ন্যাশনাল ওয়ার্কিং গ্রুপ (এনডব্লিউজি) এক্সপ্লইটেশন রেসপন্স (শোষণ প্রতিক্রিয়া) ইউনিটের পাশাপাশি বিশেষজ্ঞ সংস্থাগুলোর একটি নেটওয়ার্ক থেকে সহায়তার অ্যাক্সেস অন্তর্ভুক্ত রয়েছে।<br>• **স্বীকৃতি ফোরামগুলো যেকোন সেক্টরের মধ্যে যৌন শোষণ ও নির্যাতনকে স্বীকার এবং সমাধান করার একটি কার্যকর উপায় হতে পারে:** সার্ভাইভার এবং ক্রীড়া সম্প্রদায়ের মূল স্টেকহোল্ডারদের নিয়ে সাতটি জাতীয় স্বীকৃতি ফোরাম অনুষ্ঠিত হয়েছিল।<br>• **সার্ভাইভারদের নেটওয়ার্কিং-এর সুযোগ দিন:** অনেক দেশে, যে সার্ভাইভাররা স্বীকৃতি ফোরামে অংশগ্রহণ করেছিল তারা একে অপরকে অবহিত করতে এবং সমর্থন করার জন্য একটি যোগাযোগ গ্রুপ গঠন করে।<br>• সার্ভাইভাররা তাদের অভিজ্ঞতা এবং ক্রীড়া সম্প্রদায়ের জন্য সুপারিশের ভিত্তিতে **শিক্ষাগত সংস্থান তৈরি করেছে।**<br>• **সার্ভাইভারদের নেতৃত্ব দেয়ার সুযোগ দিন,** কিছু সার্ভাইভাররা প্রকল্পের প্রচারের জন্য, সম্মেলনে কথা বলে, শিক্ষামূলক সিনেমা তৈরি করতে গিয়ে সার্ভাইভার অ্যাম্বাসেডর হয়ে ওঠেন। |
| **সূত্র** | Voices for Truth and Dignity EU: http://voicesfortruthanddignity.eu/ |

| সার্ভাইভারস এমপাওয়ারিং অ্যান্ড এডুকেশন সার্ভিসেস (SEEdS) | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | **ওয়েলশ উইমেন'স এইড** |
| **বিবরণ** | সার্ভাইভার এমপাওয়ারিং অ্যান্ড এডুকেশন সার্ভিসেস হলো ওয়েলশ উইমেনস এইড দ্বারা সমন্বিত একটি সার্ভাইভার অংশগ্রহণমূলক প্রকল্প যা সব ধরণের পারিবারিক নির্যাতন এবং/অথবা যৌন সহিংসতার সার্ভাইভার অভিজ্ঞতাসম্পন্ন নারীদের জন্য তাদের অভিজ্ঞতা শেয়ার করার সুযোগ প্রদান করে যাতে তারা বিভিন্ন স্টেকহোল্ডারদের প্রভাবিত এবং অবহিত করতে পারে। প্রকল্পটি সাউথ ওয়েলসের নারীদের একত্রিত করে এবং প্রশিক্ষণ, সহায়তা এবং সংস্থানের পাশাপাশি একটি নিরাপদ স্থান প্রদান করে যেখানে সার্ভাইভাররা দেখা করতে পারে, জ্ঞান এবং অভিজ্ঞতা শেয়ার করতে পারে এবং একে অপরের কাছ থেকে শিখতে পারে। পাবলিক এবং স্বেচ্ছাসেবী সেক্টরের সংস্থাগুলোর সাথে অংশীদারিত্বে কাজ করে, প্রকল্পটি এমন প্ল্যাটফর্ম প্রদান করেছে যেখানে সার্ভাইভাররা অর্থপূর্ণভাবে পারিবারিক নির্যাতন এবং যৌন সহিংসতা সহ নারীর প্রতি সহিংসতা সেবার পরিকল্পনা, বিকাশ এবং বিতরণ সম্পর্কে জানাতে সক্ষম হয়েছিল। প্রকল্পে অংশগ্রহণকারী সার্ভাইভারদের সহযোগিতায়, ওয়েলশ উইমেন'স এইড নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সংযুক্তির একটি উত্তম অনুশীলন টুলকিট তৈরি করেছে, যা এখান থেকে ডাউনলোড করা যাবে: এসইইডিএস টুলকিট |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | ১. ইংল্যান্ড এবং ওয়েলসের জন্য **একটি ভিএডব্লিউজি বিল** যা সমতা এবং মানবাধিকার কাঠামোর মধ্যে নারী এবং মেয়েদের প্রতিক্রিয়া রূপান্তর করে।<br><br>২. **পারিবারিক বিচার ব্যবস্থার সংস্কার,** যা শিশু এবং সদাচারী অভিভাবকদের সমর্থন করে এবং রক্ষা করে, যাতে তারা সহিংসতা ও নির্যাতনমুক্ত জীবনযাপন করতে পারে।<br><br>৩. সম্মতি এবং যৌন ইতিহাস সম্পর্কিত অপরাধী বিচার ব্যবস্থার অন্তর্ভুক্তি ছাড়া **নির্যাতিত ব্যক্তিকে দোষারোপের মনোভাব এবং বিচারমূলক ব্যবস্থাকে চ্যালেঞ্জ করুন।**<br><br>৪. **প্রস্তাবিত আইনে গলা চেপে ধরার একটি নতুন অপরাধ অন্তর্ভুক্ত করা হোক,** যা এটিকে একটি গুরুতর হামলা, নিয়ন্ত্রণের হাতিয়ার এবং জীবনের হুমকি হিসাবে স্বীকৃতি দেয়।<br><br>৫. **সমর্থন এবং সুরক্ষার জন্য একটা কাঠামো** যা সমস্ত অভিবাসী মহিলাদের মধ্যে অপব্যবহার, গৃহহীনতা, নিঃস্বতা এবং শোষণের দিকে পরিচালিত করে এমন সমস্ত বাধাগুলোকে মোকাবেলা করে।<br><br>৬. গার্হস্থ্য এবং যৌন নির্যাতন বিশেষজ্ঞ পরিষেবা এবং মহিলাদের কেন্দ্রগুলোর জন্য **নিরাপদ এবং টেকসই তহবিলে বিনিয়োগ,** ওয়েলসের বিশেষজ্ঞ সংস্থাগুলোকে সমর্থন করার জন্য সমতুল্য অতিরিক্ত তহবিল বরাদ্দ করা নিশ্চিত করুন।<br><br>৭. কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি সংক্রান্ত আন্তর্জাতিক শ্রম সংস্থা কনভেনশন ১৯০-এর **অনুমোদন ও বাস্তবায়ন।**<br><br>৮. **একটা কল্যাণমূলক ব্যবস্থা যা সার্ভাইভারদের আর্থিকভাবে স্বাধীন হতে** এবং অপব্যবহার থেকে মুক্ত থাকতে সহায়তা করে। এর মধ্যে অবশ্যই দুই-শিশুর ট্যাক্স ক্রেডিট সীমা অবিলম্বে পরিবর্তন এবং ইউনিভার্সাল ক্রেডিট এর ডিফল্ট হিসাবে বিভক্ত অর্থপ্রদানের বাস্তবায়ন অন্তর্ভুক্ত করতে হবে।<br><br>৯. **ব্রেক্সিট পরিকল্পনা এবং ব্রেক্সিট-পরবর্তী ব্যবস্থার মধ্যে নারীর অধিকারের সুরক্ষা,** বিশেষ করে ইইউ সেটেলড স্ট্যাটাস অ্যাক্সেস করার ক্ষেত্রে একটি 'অরক্ষিত' গোষ্ঠী হিসাবে গার্হস্থ্য নির্যাতনের সাথে বসবাসকারী নারীদের স্বীকৃতি নিশ্চিত করা।<br><br>১০. **অক্ষম সার্ভাইভারদের জন্য আইনের অধীনে সমান সুরক্ষা প্রয়োজন** যারা জবরদস্তিমূলক নিয়ন্ত্রণের সম্মুখীন হয় যা বিচার ব্যবস্থা দ্বারা কার্যকরভাবে প্রয়োগকৃত।<br><br>১১. **অনলাইন কোম্পানিগুলো নিশ্চিত করছে** যে যৌন হয়রানি, অপব্যবহার এবং সহিংসতার অপরাধীদেরকে প্রতিরোধ ও দায়বদ্ধ করার জন্য ব্যবস্থা নেওয়া হয় যা অসমনুপাতিকভাবে মেয়ে এবং মহিলাদেরকে প্রভাবিত করে এবং অনলাইন সমস্ত নারী এবং মেয়েদের জন্য নিরাপদ এবং সহায়ক। |

| | |
|---|---|
| | ১২. **চাহিদাকে লক্ষ্য করে বাণিজ্যিক যৌন শোষণের মোকাবেলা করা** এবং নারীকে অপরাধমূলক কাজ না করার জন্য ও যৌন শিল্প থেকে প্রস্থান দেওয়ার জন্য সহায়তা বা আর্থিক স্বাধীনতা প্রদান করা।<br><br>১৩. **সার্ভাইভারদের জন্য আইনি সুরক্ষা এবং সমর্থন জোরদার করা** নারীদের বিরুদ্ধে সহিংসতার শিকার এবং নির্যাতন, ট্রমা, মানসিক অসুস্থতা, দারিদ্র্য, গৃহহীনতা এবং আসক্তি দ্বারা প্রভাবিত নারীদেরকে ফৌজদারি বিচার ব্যবস্থায় প্রবেশ করা থেকে প্রতিরোধ করার অপরাধ যারা করে তাদের বিরুদ্ধে একটি পদক্ষেপ। |
| **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | **সারভাইভার-কেন্দ্রিক এমন একটা উপায়ে কীভাবে জড়িত হতে হয় সে সম্পর্কে সার্ভাইভারদের কাছ থেকে সুপারিশ**[৪]<br><br>কী করা উচিত<br>• আপনার নিজের পক্ষপাত (জ্ঞাত ও অজ্ঞাত) এবং কুসংস্কার সম্পর্কে সচেতন থাকুন এবং সেগুলোকে দূরে রাখুন<br>• যদি কোনও সার্ভাইভার আপনাকে কোনো তথ্য প্রদান করে তবে তার পক্ষে এক্সেস করা সম্ভব এমন সহায়তা সেবার তথ্য নিজের কাছে রাখুন, এটা পরিষ্কার করুন যে আপনি কাউন্সেলিং দিতে সক্ষম নন এবং তাকে বিশেষজ্ঞের সহায়তার সাথে পেশাদার সহায়তা পেতে পরামর্শ দিন।<br>• সার্ভাইভারদের কাছে এটা পরিষ্কার করে দিন যে তারা যদি এখন সাহায্য অ্যাক্সেস করতে না চান, তাহলেও ভবিষ্যতে সাহায্য পাবেন।<br>• গোপনীয়তাকে সম্মান করুন এবং উপুযুক্ত ক্ষেত্রে ব্যক্তিগত গল্পগুলোর ক্ষেত্রে গোপনীয়তা রক্ষা করুন, ।<br>• ব্যক্তির সংস্কৃতি, বয়স এবং জেন্ডার বিবেচনা করে যথাযথ আচরণ করুন।<br>• সম্পূর্ণ তথ্য দিয়ে অবগত সম্মতি নিন<br>• শুধুমাত্র সম্মতি নিয়ে নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের উদ্ধৃতি ব্যবহার করুন বা তাদের গল্পগুলো উল্লেখ করুন। লিখিতভাবে সম্মতি দিতে হবে<br><br>কী করা উচিত নয়<br>• সার্ভাইভারদের হয়ে সিদ্ধান্ত নেবেন না। নিশ্চিত করুন যে সার্ভাইভাররা সেই প্রক্রিয়া সম্পর্কে সম্পূর্ণরূপে অবহিত হয়েছেন যেখানে আপনি তাদের জড়িত হতে বলছেন, উদাহরণস্বরূপ, মিডিয়ায় উপস্থিতি। তবে সার্ভাইভারদের অংশগ্রহণের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য তাদের নিজেদের সংস্থাকে সম্মান করুন।<br>• মিথ্যা প্রতিশ্রুতি দেবেন না বা মিথ্যা কোন তথ্য দেবেন না<br>• আপনার দক্ষতার বাড়িয়ে দেখাবেন না।<br>• মানুষদেরকে জোর করবেন না এবং তাদের ব্যক্তিগত জীবনে হস্তক্ষেপ বা কোন কিছু নিয়ে চাপাচাপি করবেন না।<br>• মানুষদেরকে তাদের গল্প বলার জন্য চাপ দেবেন না। অন্যদের সাথে কারো ব্যক্তিগত গল্প শেয়ার করবেন না।<br>• মানুষদের কাজ বা অনুভূতি নিয়ে বিচার করবেন না। |
| **সূত্র** | Welsh Women's Aid https://www.welshwomensaid.org.uk/what-we-do/survivor-engagement/ |

[8] https://www.welshwomensaid.org.uk/wp-content/uploads/2020/03/SEEdS-Toolkit.pdf

| সার্ভাইভার্স স্পিক আউট | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | **ফ্রিডম ফ্রম টর্চার (এফএফটি)** |
| **বিবরণ** | সারভাইভারস স্পিক আউট হল নির্যাতন থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের একটি জাতীয় নেটওয়ার্ক যারা ফ্রিডম ফ্রম টর্চার-এর প্রাক্তন ক্লায়েন্ট এবং ইউকে-তে আশ্রয়প্রার্থী এবং শরণার্থী হিসাবে ট্রমা থেকে বাঁচার পর নির্যাতন ও জীবন বিষয়ে কর্তৃত্বের সাথে কথা বলে। সার্ভাইভার বিশেষজ্ঞদের কন্ঠ অন্যদের প্রভাবিত করে এবং প্রমাণ-ভিত্তিক নীতির আহ্বান জানায়। সার্ভাইভার সারা দেশের কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলোতে তরুন শ্রোতাদের সাথে কথা বলেন, সরকার এবং ছায়ামন্ত্রীদের সাথে কথা বলেন এবং সংসদীয় তদন্ত এবং অন্যান্য স্বাধীন তদন্তকারী সংস্থাকে প্রমাণ প্রদান করেন।<br><br>প্রভাবে অন্তর্ভুক্ত আছে:<br>• ইনসাইড গভর্নমেন্টস ইন্টারেক্টিভ প্যানেল আলোচনায় বক্তৃতা: বৈষম্য থেকে পালিয়ে আসা শরণার্থী এবং আশ্রয়প্রার্থীদের জন্য সফলভাবে সম্প্রদায় গড়ে তোলা।<br>• আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম) ভূমি, সম্পত্তি এবং ক্ষতিপূরণ বিভাগের সংঘাত-সম্পর্কিত যৌন সহিংসতায় সার্ভাইভারদের জন্য ক্ষতিপূরণের উপর কর্মশালা।<br><br>প্রচারাভিযানের অর্জন:<br>• একটি ন্যায্য আশ্রয় ব্যবস্থা এবং সার্ভাইভারদের জন্য যথাযথ সুরক্ষার আহ্বান জানিয়ে একটা আবেদনকে সমর্থন করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে ৪১,০০০ স্বাক্ষর।<br>• ওয়েস্টমিনিস্টার হলের 'নির্যাতনের প্রমাণ' দ্বারা উত্থাপিত গুরুতর সমস্যাগুলোর উপর বিতর্ক, সকল পক্ষের বেশ কয়েকজন সাংসদ নির্যাতন থেকে সার্ভাইভারদের প্রয়োজনীয় সাহায্য পাওয়ার আহ্বানে যোগদান দিয়েছেন।<br>• পূর্ববর্তী অভিবাসন মন্ত্রী জনগনের উদ্দেশ্যে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সার্ভাইভারদের সাহায্য করার জন্য এফএফটির সাথে কাজ করবে।<br>• আশ্রয়ের দাবিতে নির্যাতিতদের চিকিৎসার প্রমাণ কীভাবে ব্যবহার করতে হয় সে বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ডিজাইন প্রশিক্ষণে সহায়তা করেছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সমস্ত কেসকর্মী যারা এই ধরনের মামলার সিদ্ধান্ত নেয় তাদের এখন এফএফটি প্রশিক্ষণ রয়েছে এবং তাদের সিদ্ধান্তগুলো পর্যালোচনা করতে হবে। |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | • **শেখার স্বাধীনতা** – শিক্ষার জন্য অ্যাক্সেস এবং অর্থায়ন<br>• **উপযুক্ত আবাসন** – এমন বাসস্থান যেখানে সার্ভাইভাররা আর আঘাত পাবেন না<br>• **পর্যাপ্ত স্বাস্থ্যসেবা সহায়তা** - শারীরিক এবং মানসিক সুস্থতার জন্য আরও ভালো সহায়তা<br>• **আমাদের সাথে মানুষের মতো আচরণ করতে হোম অফিস** – ন্যায্য সিদ্ধান্ত গ্রহণ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে ইন্টারভিউ নেওয়ার জন্য একটি ভালো প্রক্রিয়া। |
| **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | • **একতার শক্তি** – নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভাররা যখন একসাথে কথা বলে, তখন তাদের আত্মবিশ্বাস বেড়ে যায়। ২০১৪ সালের পিএসভিআই সম্মেলনে সার্ভাইভারস স্পিক আউটকে একটি প্ল্যাটফর্ম দেওয়া হয়েছিল, যার ফলে পরবর্তীতে আরও বেশি সংখ্যক সার্ভাইভার এতে যুক্ত হয়।<br>• **সৃজনশীল লেখালেখি আর অভিনয়** সার্ভাইভারদের গল্প বলার ক্ষমতা বাড়িয়ে তুলতে পারে, সেই সাথে নতুন মানুষদের সাথে যোগাযোগ করতে সাহায্য করে, যেমন নীতি নির্ধারক আর অন্যান্য সার্ভাইভার। গ্রুপটি প্রতি দুই সপ্তাহে একবার করে কর্মশালা করে, যেখানে অংশগ্রহণকারীরা পেশাদার লেখকদের কাছ থেকে ব্যক্তিগতভাবে লেখালেখির পরামর্শ লাভ করতে পারে। লন্ডন গ্যালারি ও জাদুঘরে নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের কাজ প্রদর্শন করা হয়েছে। ১৬ থেকে ২৫ বছর বয়সী |

| | |
|---|---|
| | সার্ভাইভারদের এই গোষ্ঠী সৃজনশীল প্রতিবাদ এবং প্রচারণার মাধ্যমে তাদের অভিজ্ঞতা শেয়ার করে এবং নীতি নির্ধারকদের কাছে নির্যাতন এবং প্রতিকূল পরিবেশকে চ্যালেঞ্জ করার প্রচারণা চালায়। |
| **সূত্র** | ফ্রিডম ফ্রম টর্চার:https://www.freedomfromtorture.org/what-we-do/survivor-activism |

| **ইসিপিএটি ইউকে ইয়ুথ গ্রুপ** | |
|---|---|
| **প্রতিষ্ঠান** | ইসিপিএটি ইউকে |
| **বিবরণ** | ইসিপিএটি ইউকে শিশু পাচারের শিকার হওয়া তরুণদের সাথে সরাসরি কাজ করে, যেখানে শিশু পাচারের শিকার হওয়া ছেলেমেয়েরা নিজেদের মতো আরও অন্যান্য ছেলেমেয়ের সাথে কথা বলতে পারে, নতুন কিছু শিখতে পারে এবং তাদের অধিকার সম্পর্কে জানতে পারে। যুব কর্মসূচিতে ছেলে এবং মেয়ে সদস্যদের জন্য পৃথক দল গঠন করা হয়েছে। শিশু পাচারের শিকার হওয়া তরুণদের অংশগ্রহণ ইসিপিএটি ইউকের গবেষণা, প্রচারণা, নীতিমালা এবং অন্যান্যদেরকে শেখানোর কাজে আরও শক্তিশালী ভূমিকা পালন করে, কারণ এটা তাদের অভিজ্ঞতার উপর ভিত্তি করে তৈরি করা হয়। যুব দলের সদস্যরা নীতিমালাকে নিম্নলিখিত উপায়ে প্রভাবিত করছে:<br>• ২০১৫ সালের আধুনিক দাসত্ব আইন প্রণয়ন আলোচনায় অংশগ্রহন নিয়েছে।<br>• গবেষণার মাধ্যমে শিশু পাচারের শিকার হওয়া শিশুদের প্রয়োজন বোঝা এবং তাদের জন্য বিশেষভাবে নকশাকৃত অভিভাবকত্ব ব্যবস্থার প্রস্তাবনা করা, যা এই ব্যবস্থা চালু করার সিদ্ধান্তে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।<br>• ইউনিভার্সিটি অফ বেডফোর্ডশায়ার প্রকল্প 'মার্জিনাল গেইনস'-এর অভিজ্ঞতা সহ বিশেষজ্ঞ হিসাবে অংশগ্রহণ করা যার লক্ষ্য যৌন শোষণের শিকার হওয়া শিশু এবং তরুণদের প্রতি পুলিশের প্রতিক্রিয়া উন্নত করা।<br>• শিশুদের জন্য একটি উন্নত জাতীয় রেফারেল ব্যবস্থা গঠনের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে পরামর্শ করা। ২০১৮ সালে সুপারিশগুলো গৃহীত হয়। |
| **সার্ভাইভারদের চাহিদা এবং অগ্রাধিকার** | • মানব পাচারের শিকারদের জন্য বিশেষজ্ঞদের সহায়তা<br>• মানব পাচারের নির্যাতনে ভোগা শিশুদের ভবিষ্যৎ নির্মাণে স্থায়ী সমাধান<br>• মানব পাচারের ভিক্টিমদের নিরাপদ আবাসন<br>• মানব পাচারের ভিক্টিম শিশুদের জন্য অভিভাবকত্বের ব্যবস্থা |
| **নির্যাতিত ব্যক্তি বা সার্ভাইভারদের সম্পৃক্ত করার জন্য অর্জিত শিক্ষা** | • **একটি নিরাপদ এবং সুরক্ষিত স্থান প্রদান।** মানব পাচারের শিকার হওয়া শিশু ও কিশোরদের নিরাপদ বোধ করা ও খোলামনে চ্যালেঞ্জিং সমস্যাগুলো বলার সুযোগ দেওয়া গুরুত্বপূর্ণ।<br>• **ট্রমা-সচেতন থাকুন।** মানব পাচারের ভিক্টিম শিশুরা সমাজের অন্যতম ঝুঁকিপূর্ণ গোষ্ঠী, যারা প্রায়ই ভয়াবহ মানসিক আঘাতের শিকার হয়েছে। এটা গুরুত্বপূর্ণ যে যেকোনো কাজ ট্রমা সচেতন এবং ব্যক্তিদের প্রয়োজনের জন্য নমনীয় হতে পারে। মানব পাচারের শিকার শিশুরা প্রায়ই তাদের বিশ্বাসভাজনদের কাছ থেকে মিথ্যা কথা শুনেছে এবং শোষিত হয়েছে। একমত হওয়া বিষয়াবলী বাস্তবায়ন করা জরুরী।<br>• **অবগত সম্মতি।** বিভিন্ন দেশ ও পটভূমির তরুণদের সঙ্গে কাজ করার সময় এটা গুরুত্বপূর্ণ যে, তাদেরকে পুরোপুরিভাবে বোঝানো তাদের কাছে কী চাওয়া হচ্ছে এবং তার ফলাফল কী হবে। উদাহরণস্বরূপ, যদি তাদের উক্তি বা ছবি অনলাইনে শেয়ার করা হয়, তাহলে সেটির ব্যবহারের ওপর তারা নিয়ন্ত্রণ হারাবে এবং ভবিষ্যতে এটি তাদের কীভাবে প্রভাবিত করতে পারে তা বিবেচনা করা প্রয়োজন। ১৮ বছরের কম বয়সী |

| | |
|---|---|
| | শিশুদের জন্য তাদের পিতা-মাতা/অভিভাবকের কাছ থেকে সম্মতি নেওয়া প্রয়োজন এবং এটা শিশুকে ব্যাখ্যা করতে হবে।<br>• **নিশ্চিত করুন যে তরুনদের সমর্থনের একটা নেটওয়ার্ক আছে।** যে-কোনো সময়ে পাচারের শিকার ব্যক্তিদের সাথে কাজ করার সময় এমন কিছু হতে পারে যা প্রতিক্রিয়া সৃষ্টি করে বা তারা একটি কঠিন সময়ের মধ্য দিয়ে যেতে পারে। যে-কোনো অংশগ্রহণের জন্য কোনও তরুণের আবেগের সাথে জড়িত হওয়া গুরুত্বপূর্ণ এবং প্রয়োজনে আরও সমর্থনের জন্য সাইনপোস্টিং রয়েছে।<br>• **তরুণদের অংশগ্রহণে অর্থায়ন করুন।** কনসালটেন্সি বা প্রশিক্ষণে পাচারের শিকার হওয়া তরুণদের যে কোনো সম্পৃক্ততার জন্য অর্থায়ন করা অত্যাবশ্যক। এর মধ্যে রয়েছে খাবার, ভ্রমণ, বাসস্থান, শিশুদের যত্ন এবং প্রদত্ত সময়ের জন্য ক্ষতিপূরণ।<br>• **অন্তর্ভুক্তিমূলক হোন এবং নতুন পরিস্থিতিতে মানিয়ে নিন।** পাচারের শিকার হওয়া শিশুরা শিক্ষা ও অন্যান্য প্রয়োজনীয় সেবা থেকে বঞ্চিত থাকার সম্ভাবনা বেশি। শিক্ষার স্তর, ভাষা, ট্রমা, জীবনযাপনের অভিজ্ঞতা, জেন্ডার এবং অক্ষমতার ক্ষেত্রে বৈচিত্র্য গ্রহন করা এবং নতুন পরিস্থিতিতে মানিয়ে নেওয়া গুরুত্বপূর্ণ। ভাষা বাধা হয়ে দাঁড়ালেও সৃজনশীল কাজের মাধ্যমে মানুষের মনের সাথে সংযোগ স্থাপন করা সম্ভব, এটা খুবই কার্যকরী। মানব পাচারের শিকার হওয়া অল্পবয়সীদের জীবন মানসিক চাপ ও ব্যস্ততায় পরিপূর্ণ, তাই তাদের যেকোনো সংযুক্তির ক্ষেত্রে সময় ও অংশগ্রহণের মাত্রার ক্ষেত্রে নমনীয় হতে হবে।<br>• **অল্পবয়সী মায়েদের জন্য সমর্থন।** মানব পাচারের কবলে পড়া অল্পবয়সী অনেক মেয়ে গর্ভবতী বা ইতিমধ্যেই শিশুদের মা, তাদের এই দুর্বলতার সুযোগ নেওয়া হয়েছে। তাদের শিশু পরিচর্যা ও অভিভাবকত্ব সহায়তার মতো অতিরিক্ত কিছু সহায়তার প্রয়োজন পড়ে। |
| **সূত্র** | https://www.ecpat.org.uk/Pages/Category/Supporting-young-people |

**আরএসএইচ সম্পর্কে:** সেফগার্ডিং রিসোর্স এবং সাপোর্ট হাব ইউকে ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট দ্বারা অর্থায়িত।

এই নথিটি যুক্তরাজ্য সরকারের ইউকে এইডের অর্থায়নে সেফগার্ডিং রিসোর্স এবং সাপোর্ট হাব কর্মসূচীর অধীনে তৈরি করা হয়েছে। এই নথিতে প্রকাশিত মতামত এবং এতে অন্তর্ভুক্ত তথ্য যুক্তরাজ্য সরকারের নয় অথবা তাদের দ্বারা অনুমোদিত নয়, এবং এই মতামত বা তথ্য বা সেগুলোর উপর কোনো নির্ভরতার জন্য যুক্তরাজ্য সরকারের কোনো দায় নেই।

এই প্রকাশনাটি সেফগার্ডিং বিষয়ে সাধারণ দিকনির্দেশনা হিসেবে কর্মসূচী, এর কনসোর্টিয়ামের সদস্য এবং বৃহত্তর একাডেমিক ও পেশাদার ব্যক্তিবর্গ কর্তৃক প্রস্তুত করা হয়েছে। আরও তথ্য জানতে চাইলে বা কোনো প্রশ্ন থাকলে যোগাযোগ করুন veronica@rshub.org.uk



RESOURCE & SUPPORT HUB
UK International Development
Partnership | Progress | Prosperity

**প্রস্তাবিত উদ্ধৃতি:**

| |
|---|
| Fraser, E and Beadle, D. (2020) Best Practices for *Engaging Survivors of SEAH,* RSH Helpdesk Research Report No. 3. London UK: RSH |